ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



মা পাঞ্জাবি, স্বামী মুসলিম, কোন ধর্মের অনুসারী কারিনা? পৃঃ ৫



রিয়ালের জার্সিতে কবে মাঠে নামবেন এমবাপ্পে? পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ 4 সংখ্যা ঃ ২১২ ● কলকাতা ● ১৯ শ্রাবণ, ১৪৩১ ● রবিবার ● ০৪ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## সংসদে দাবি তুলল

# একের পর এক তৃণমূল সাংসদরা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সাংসদ সায়নী ঘোষ লোকসভায় প্রথম বক্তৃতা করতে উঠেই দাবি তুলেছিলেন, কবি সুভাষ থেকে বারুইপুর পর্যন্ত মেট্রো সম্প্রসারণের কাজ কেন এখনও এগোল না? শ্রীরামপুরের সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় অনেক কিছুর সঙ্গে দাবি তুলেছেন রিষড়া, শেওড়াফুলি, উত্তরপাড়ায় রেলের লেভেল ক্রসিংয়ে উড়ালপুল নির্মাণ করা হোক।তৃণমূলের অনেক প্রবীণ সাংসদও একান্ত আলোচনায় মেনে নিচ্ছেন, অতীতে কখনও লোকসভার সাংসদেরা আলোচনায় এতগুলি দিক তুলে ধরেননি। নতুন সাংসদদের জড়তা কাটিয়ে লোকসভায় বক্তৃতা দেওয়া প্রসঙ্গে লোকসভায় তৃণমূলের সংসদীয় দলের মুখ্যসচেতক কল্যাণ বলেন, "দলের লাইনই হল নতুনদের বলার সুযোগ করে দিতে হবে। দলের নির্দেশেই আমি তাঁদের উৎসাহিত করছি। নতুন সাংসদেরা প্রত্যেকেই খুব ভাল বলছেন। নিজের সংসদীয় কেন্দ্রের পাশাপাশি রাজ্য এবং দেশের বিষয় তুলে ধরছেন।" তৃণমূলের এক প্রাক্তন রাজ্যসভা সাংসদের কথায়, "অতীতে উচ্চকক্ষে আমরা যাঁরা রাজনীতির লোক, তাঁরা জাতীয় স্তরের সমস্যা তুলে ধরতাম। অভিজ্ঞতা রয়েছে এমন কয়েক জন লোকসভার সাংসদ জাতীয় এবং রাজ্যের কথা বলতেন। কিন্তু তথাকথিত সেলিব্রিটিরা মুখ খুলতেন না। এ বার সেটা হচ্ছে না।" তার কারণ হিসেবে ওই প্রাক্তন সাংসদ বলেন, "এ বার সংসদের দুই কক্ষেই আমাদের সাংসদদের মধ্যে রাজনৈতিক লোক অনেক বেশি। সেটারই সুফল পাওয়া যাচ্ছে।" রাজনৈতিক মহলের অনেকের মতে, সংসদে কে কী আলোচনা করছেন, তা নিয়ে শহুরে লোকজনের মধ্যে আলোচনা থাকে। সার্বিক ভাবে মতামত তৈরিতে তাঁদের ভূমিকাও থাকে বলে মত অনেকের। তৃণমূল তাঁদের ছুঁয়ে যাওয়ার কৌশল নিয়ে চলছে বলে ঠারেঠোরে মেনেও নিয়েছেন একাধিক সাংসদ। কারণ, ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে শহরের ভোট ফেরত চাই তৃণমূলের।নইলে হাজার হাজার মানুষ প্রতি দিন

এরপর ৩ পাতায়

## ওয়েনাড়ে ভূমিধসে ক্ষতিগ্রস্ত ১০০-র বেশি পরিবারকে

# নতুন বাড়ি বানিয়ে দেবে কংগ্রেস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ওয়েনাড়ে ভূমিধসে ক্ষতিগ্রস্ত ১০০-র বেশি পরিবারকে নতুন বাড়ি বানিয়ে দেবে কংগ্রেস। শুক্রবার এই ঘোষণা করেছেন লোকসভার বিরোধী দলনেতা তথা ওয়েনাড়ের প্রাক্তন সাংসদ রাহুল গান্ধী। তিনি বলেন, "কেরল কখনও এত বড় বিপর্যয় দেখেনি। তিনটি বড় ভূমিধসের ঘটনায় ২৭৫ জনেরও বেশি মানুষ মারা গিয়েছেন।প্রসঙ্গত, এ বারের লোকসভা ভোটে উত্তরপ্রদেশের রায়বরেলীর পাশাপাশি ওয়েনাড় থেকেও সাড়ে তিন লক্ষের বেশি ভোটের ব্যবধানে জয়ী হয়েছিলেন রাহুল। তার আগে ২০১৯ সালের লোকসভা ভোটে উত্তরপ্রদেশের অমেঠী থেকে হেরে গেলেও কেরলের ওয়েনাড় জিতিয়েছিল রাহুলকে। কিন্তু তিনি এ বার রায়বরেলী আসনটি রেখে ওয়েনাড়ের সাংসদ পদে ইস্তফা দিয়েছেন। উপনির্বাচনে ওই আসনে প্রিয়ঙ্কাকে প্রার্থী ঘোষণা করেছে কংগ্রেস। মঙ্গলবার ভূমিধসের পরেই এক্স হ্যান্ডলে শোকবার্তা দিয়ে ওয়েনাড়ে যাওয়ার কথা জানিয়েছিলেন রাহুল এবং প্রিয়ঙ্কা।ভূমিধসের কারণে সহায়-সম্বলহীন হয়ে পড়া পরিবারগুলির সঙ্গে দেখা করলে শুক্রবারও ত্রাণশিবিরে যান রাহুল। সঙ্গে ছিলেন তাঁর বোন তথা উপনির্বাচনে ঘোষিত কংগ্রেস প্রার্থী প্রিয়ঙ্কা। রাহুল বলেন, "বৃহস্পতিবার থেকে ধারাবাহিক ভাবে আমরা ভূমিধসে ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে গিয়েছি। ক্ষতিগ্রস্ত পরিবারগুলির পাশাপাশি স্থানীয় প্রশাসন এবং পঞ্চায়েতের প্রতিনিধিদের সঙ্গে কথা বলেছি। ১০০-র বেশি ক্ষতিগ্রস্ত পরিবারের বাসস্থান পুনর্নির্মাণের দায়িত্ব কংগ্রেস নেবে।"

গত ৩০ জুলাই (মঙ্গলবার) ভারী বৃষ্টির জেরে ধস নেমেছিল ওয়েনাড়ে। যার জেরে চুড়ালমালা, মুন্ডাক্কাই, অট্টামালা, নুলপুঝার মতো গ্রামগুলি প্রবল ক্ষতিগ্রস্ত হয়েছে। বৃহস্পতিবার ওয়েনাড়ে পৌঁছে বৃষ্টির মধ্যেই ভূমিধস বিধ্বস্ত এলাকাগুলিতে গিয়েছিলেন রাহুল-প্রিয়ঙ্কা। দৃশ্যতই আবেগপ্রবণ রাহুল বলেন, "আমার কাছে পিতার মৃত্যুর চেয়েও বেদনাদায়ক এই ঘটনা।" শুক্রবার রাহুল জানান, ভূমিধসে ক্ষতিগ্রস্তদের ত্রাণ এবং পুনর্বাসনের বিষয়টি তিনি দিল্লিতেও উত্থাপন করবেন।

## প্রকৃতির রুদ্ররোষে কেরলের ওয়ানড়

# মৃত্যুপুরীতে পরিণত হয়েছে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রকৃতির রুদ্ররোষে কেরলের ওয়ানড় মৃত্যুপুরীতে পরিণত হয়েছে। বেসরকারি মতে মৃতের সংখ্যা ৩০০ ছাড়িয়েছে। নিখোঁজ দুশোর বেশি। পশ্চিমঘাট পর্বতমালার জঙ্গলঘেরা গোটা চারেক গ্রাম কার্যত নিশ্চিহ্ন হয়ে গিয়েছে। এত বড় বিপর্যয় কীভাবে? ধস নামার কারণ কী?বিপজ্জনক ভাবে বসতি গড়ার পাশাপাশি যথেচ্ছ ভাবে গাছ কাটা, পাহাড় কেটে চাষের কাজ করা, হ্রদ এবং জলাভূমিগুলিকে ভরাট করে দেওয়াও এই ধ্বংসলীলার অন্যতম কারণ বলে মনে করা হচ্ছে। এর ফলেই সেদিন গভীর রাতে একসঙ্গে প্রায় ৮৬ হাজার বর্গ মিটার এলাকায় ধস নেমেছিল। গোটা এলাকা ভূমিধসে পাহাড় ভেঙে নেমে আসে ইরুভাজিনঝি নদীতে। অভিশপ্ত রাতে ধসের মাটি, রাস্তা, ঘর-বাড়ি মানুষ জলস্রোতে ভেসে যায় প্রায় ৮ কিলোমিটার দূরে।এই বিষয়ে ব্যাখ্যা দিয়েছেন রিসোর্সেস অ্যানালিসিস ডিভিশন অফ দ্য ন্যাশনাল সেন্টার ফর আর্থ সায়েন্সেস -এর প্রাক্তন বিজ্ঞানী কে সোমন। কী বলেছেন তিনি?

'দ্য নিউজ মিনিট'কে কে সোমন জানান, ওয়ানড় বিপর্যয়ের পিছনে রয়েছে বেশ কিছু ভূতাত্ত্বিক কারণ। পাহাড়ি জমি ব্যবহারের ধরনও প্রাণঘাতী দুর্ঘটনার অন্যতম কারণ। বিজ্ঞানী জানিয়েছেন, কোনও এলাকার মাটির ধরন, পাথরের গঠন ধসের অন্যতম কারণ হতে পারে। এছাড়াও পাহাড়র ঢাল, মাটির ঘনত্ব, মাটি এবং পাথরের প্রকৃতি ইত্যাদি বিষয়গুলি গুরুত্বপূর্ণ। এবং অবশ্যই ভারী বৃষ্টি ভূমিধসের কারণ হয়ে ওঠে। সোমনের বক্তব্য, যেভাবে ওয়ানড়ে ধস নেমেছে তাকে ভূগোলের পরিভাষায় বলা হয় 'স্যাডল'। এই 'স্যাডল' মূলত দু'ভাবে হয়। ফাটল অথবা

এরপর ৩ পাতায়




মাননীয়া মুখ্যমন্ত্রী **মমতা বন্দ্যোপাধ্যায়ের** উদ্যোগে

শিশু কিশোর আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা (প্রেসিডেন্সি বিভাগ)

**আগামী ২৪ ও ২৫ আগস্ট '২৪ হাওড়া, উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, নদিয়া এবং কলকাতার ছোটোদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।**

২৪ এবং ২৫ আগস্ট প্রেসিডেন্সি বিভাগের উল্লিখিত জেলাগুলির জন্য এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার সময়সহ বিস্তারিত বিবরণ ও আবেদনপত্র সংগ্রহের জন্য দুপুর ১টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত (প্রতি ক্ষেত্রে শনি, রবি ও অন্য ছুটির দিন বাদে) কলকাতায় শিশু কিশোর আকাদেমির কার্যালয়ে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র জমা দিতে হবে। **আবেদনের শেষ তারিখ ২০ আগস্ট ২০২৪।**

প্রতিযোগিতার বিষয়: 'ক' বিভাগ (৫ থেকে ১০+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি। 'খ' বিভাগ (১১ থেকে ১৬+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা। এই প্রতিযোগিতায় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হবে, প্রত্যেক অংশগ্রহণকারীকে শংসাপত্র দেওয়া হবে। এবং এই প্রতিযোগিতার ভিত্তিতেই আসন্ন 'পঞ্চদশ রাজ্য শিশু কিশোর উৎসব'-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।

বিঃ দ্রঃ- আসন্ন রাজ্য শিশু কিশোর উৎসবে দলগত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য (গান, নাচ, আবৃত্তি, বৃন্দবাদন ইত্যাদি) এবং একক যন্ত্রবাদন, মূকাভিনয়, ম্যাজিক ইত্যাদি নানা বিষয়ের জন্য পেন ড্রাইভ/ডিভিডিসহ (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করতে হবে। দলগত অনুষ্ঠানে দলের লেটারহেডেএবং অন্যান্য একক অনুষ্ঠানের জন্য সাদা কাগজে সংশ্লিষ্ট আধিকারিকের নামে চিঠি জমা দিতে হবে। প্রতিটি ক্ষেত্রে অবশ্যই পেন ড্রাইভ/ডিভিডি (অফেরতযোগ্য) দপ্তরে জমা দিতে হবে।

**প্রতিযোগিতার স্থান: উত্তীর্ণ, আলিপুর। সময়: ২৪ আগস্ট সকাল ১০ টা থেকে 'ক' বিভাগ এবং ২৫ আগস্ট সকাল ১০টা থেকে 'খ' বিভাগ**

শিশু কিশোর আকাদেমি। উত্তীর্ণ, দ্বিতীয় তল। ১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর, কলকাতা:২৭ফোন: ০৩৩ ২২২৩ ৬২১০ ই-মেল: skakademi@gmail.com

এরপর ৩ পাতায়

## বেআইনি দখলদারদের বিরুদ্ধে লাগাতার অভিযান শিলিগুড়ি পুরনিগমের



**শিলিগুড়ি: নিউজ সারাদিন :** বেআইনি দখলদারদের বিরুদ্ধে লাগাতার অভিযান চালাচেছ শিলিগুড়ি পুরনিগম।রাস্তা এবং ফুটপাত দখল করে দোকান কোন ভাবেই বরদাস্ত করা হবে না। সাফ কথা শিলিগুড়ি পুরনিগমের মেয়র গৌতম দেবের। পাশাপাশি বহুতল নির্মাণের ক্ষেত্রেও বিল্ডিং প্ল্যান না মানলেই চলবে বুলডোজার। শিলিগুড়ি নিগমের তরফের শহরের ৪৭ টি ওয়ার্ডেই চলছে বেআইনি নির্মাণ হটাও অভিযান। কোথাও ভেঙে ফেলা হচ্ছে বহুতল নির্মাণ, কোথাও চলছে পথে ও ফুটপাতে থাকা দোকান গুমটি উচ্ছেদ অভিযান। শুধু তাই নয় টোটো চলাচলেও আনা হয়েছে নানান বিধীনিষেধ।যানবাহন চলাচল মসৃণ করতেই এই উদ্যোগ শিলিগুড়ি পুরনিগম। দার্জিলিং মোড় থেকে কোর্ট মোড়, চম্পাশাড়ি থেকে প্রধাননগর, সবদিকেই চলছে উচ্ছেদ অভিযান। বুলডোজার নিয়ে সকাল সকাল বেরিয়ে পড়ছেন শিলিগুড়ি নিগমের কর্মীরা। কোথাও অবৈধ নির্মাণ বা পথঘাট দখল দেখলেই নেওয়া হচ্ছে ব্যবস্থা। শনিবার সকালে শিলিগুড়ি টিকিয়াপাড়া এলাকাতে চলল উচ্ছেদ অভিযান। যেকোনো রকম অপ্রীতিকর ঘটনা রুখতে মোতায়ন ছিল শিলিগুড়ি থানার পুলিশ।

## কোটা সংস্কার আন্দোলন নিয়ে ক্রমশই কোণঠাসা হচ্ছে শেখ হাসিনা সরকার



**ঢাকা: নিউজ সারাদিন :** কোটা সংস্কার আন্দোলন নিয়ে ক্রমশই কোণঠাসা হচ্ছে শেখ হাসিনা সরকার। কোটা আন্দোলনকারীদের উপরে পুলিশ ও ছাত্র লীগের ক্যাডারদের গুলি চালানোর প্রতিবাদে এবার সরব হলেন প্রাক্তন সেনা আধিকারিক ও জওয়ানরা। শুধু তাই নয়, বেনজিরভাবেই কোটা আন্দোলনকারীদের সমর্থনে রাস্তায় নেমে মিছিলও করেন তাঁরা।এদিকে, নতুন করে পরিস্থিতির অবনতি হওয়ায় রাতেই গণভবনে দলীয় নেতৃত্বের সঙ্গে জরুরি বৈঠকে বসেছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কোটা আন্দোলনের সমন্বয়কদের সঙ্গে বৈঠকে বসার জন্য তিন নেতাকে নিয়ে কমিটি গঠন করে দিয়েছেন। তবে সরকারের সঙ্গে আপোষের রাস্তায় হাঁটতে রাজি নন কোটা আন্দোলনের সমন্বয়করা। আগামিকাল রবিবার থেকে সরকারের সঙ্গে সর্বাত্মক অসহযোগিতার ডাক দিয়েছেন তাঁরা।

মিছিল থেকে কোটা আন্দোলনে নিহতদের হত্যার বিচার ও আন্দোলনকারী পড়ুয়াদের বিরুদ্ধে পুলিশি জুলুম বন্ধের দাবি জানিয়েছিলেন। প্রাক্তন সেনা আধিকারিক ও তাদের পরিবারের সদস্যরা এইভাবে রাজপথে নেমে মিছিল করায় চাপে পড়ে গিয়েছে হাসিনা সরকার।গতকাল শুক্রবার (২ অগস্ট) 'প্রার্থনা ও ছাত্র-জনতার গণ মিছিলের' ডাক দিয়েছিল বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। দেশের বিভিন্ন প্রান্তে ওই মিছিল ঘিরে অশান্তির ঘটনায় এক পুলিশ কর্মী-সহ তিন জনের মৃত্যু হয়েছে। কোটা আন্দোলনকারীদের সমর্থনে রাস্তায় নেমেছিলেন প্রাক্তন সেনা আধিকারিক ও জওয়ানরা। সঙ্গে ছিলেন তাঁদের পরিবারের সদস্যরাও। মিরপুরের ডিওএইচএসের পুরো এলাকা প্রদক্ষিণ করে ওই মিছিল। মিছিলে আন্দোলনে প্রাণ হারানো নিরীহ মানুষদের হত্যার বিচার চেয়ে নানা ধরনের স্লোগান দেওয়া হয়। স্লোগানের মধ্যে ছিল, 'উই ওয়ান্ট জাস্টিস', 'আমরা কে আমরা কে রাজাকার রাজাকার, কে বলেছে কে বলেছে স্বৈরাচার স্বৈরাচার', 'রক্তের বন্যায় ভেসে যাবে অন্যায়', 'আমার ভাই কবরে, খুনি কেন বাহিরে'। পরে ডিওএইচএসের কালচারাল সেন্টারের সামনে সমাবেশে বেশ কয়েকজ প্রাক্তন সেনা আধিকারিক সরাসরি আন্দোলনকে সমর্থন

## টিচার বিরুদ্ধে কড়া ব্যবস্থা পর্ষদের



**সুমন পাত্র, পশ্চিম মেদিনীপুর : নিউজ সারাদিন :** পশ্চিম মেদিনীপুর জেলার মেদিনীপুর সদর ব্লকের গুড়গুড়িপালে আর্থিক বেনিয়মের অভিযোগ খোদ প্রধান শিক্ষকের বিরুদ্ধে। তদন্তে অভিযোগের প্রমাণ মিলতেই প্রধান শিক্ষক গৌতম ভৌমিকের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিল পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ। ঐ শিক্ষকের তিনটি বেতনবৃদ্ধি (ইনক্রিমেন্ট) রদ করে দেওয়া হয়েছে। এই ঘটনার জেরে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে পশ্চিম মেদিনীপুর জেলা জুড়ে। গুড়গুড়িপাল মেদিনীপুর সদর ব্লকের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অঞ্চল। জেলার সদর শহর থেকে ঢিল ছড়া দূরত্বে গুড়গুড়িপালে এ ধরনের অভিযোগ শুনে কড়া ব্যবস্থা নেন প্রশাসন। শুরু হয় তদন্ত।

তদন্তে উঠে আসে ঘটনার সূত্রপাত, যা থেকে জানা যায় বছর দুয়েক আগে গুড়গুড়িপাল হাইস্কুলের উন্নয়নের জন্য ২০ লক্ষ টাকা এবং ল্যাবরেটরি তৈরির জন্য ১৩ লক্ষ টাকা তহবিলে আসে। সেই তহবিল খরচে গরমিলের অভিযোগ ওঠে। স্কুলের প্রধান শিক্ষক গৌতম ভৌমিকের বিরুদ্ধে আর্থিক তছরুপের অভিযোগ তোলেন অভিভাবক ও গ্রামবাসীদের একাংশ। আন্দোলন শুরু করেন তাঁরা। প্রধান শিক্ষকের বিরুদ্ধে স্কুলে পোস্টার লাগানো হয়। বিগত পরিচালন সমিতির বিরুদ্ধেও তহবিল তছরুপের অভিযোগ তোলা হয়। বর্তমান পরিচালন সমিতিও প্রধান শিক্ষকের বিরুদ্ধে একাধিক অভিযোগ আনে। পরিচালন কমিটির সঙ্গে আলোচনা ছাড়াই সিদ্ধান্ত নেওয়া ও আলোচনা ছাড়াই একাদশ শ্রেণির ভর্তির ফি দ্বিগুণ করে দেওয়া প্রভৃতি অভিযোগ উঠতে থাকে। অভিযোগ দায়ের হয় বিডিও অফিস ও শিক্ষা দফতরে। এরপরেই প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু হয়। বিগত দুই বছর ধরে তদন্তের পরে মধ্যশিক্ষা পর্ষদ প্রধান শিক্ষকের তিনটি বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) রদ করে দিয়েছে। এই শাস্তি নিয়ে নিজের হতাশা ব্যাক্ত করেছেন গুড়গুড়িপাল হাই স্কুলের প্রধান শিক্ষক গৌতম ভৌমিক। তিনি পাল্টা অভিযোগ এনেছেন বর্তমান স্কুল পরিচালন সমিতির বিরুদ্ধে। তাঁর অভিযোগ, তহবিল নিজেদের হাতে নিয়ে ইচ্ছা মতো খরচ করতে চেয়েছিল পরিচালন সমিতি। তিনি তাতে বাধা দেওয়াতেই তাঁর বিরুদ্ধে চক্রান্ত করা হয়েছে। মধ্যশিক্ষা পর্ষদের সিদ্ধান্তের বিরুদ্ধে উচ্চ আদালতে যাওয়ার কথাও জানিয়েছেন প্রধান শিক্ষক। এখন দেখার আদালতে পর্ষদ নাকি শিক্ষক কার জয় হয়।

## চুঁচুড়ায় প্রকাশ্যে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব

## বিধায়ক ঘনিষ্ঠ রাজীব বনাম কাউন্সিলর অনিন্দিতার



**হুগলি-চুঁচুড়া: নিউজ সারাদিন :** আবারো চুঁচুড়ায় প্রকাশ্যে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব। ঘটনা প্রসঙ্গে যানা যায় গতকাল হুগলি চুঁচুড়া পৌরসভার ৩ নম্বর ওয়ার্ড সংলগ্ন পূর্বায়নে জন্মদিনের অনুষ্ঠান বাড়িতে তৃণমূলের দুই গোষ্ঠীর সংঘাত প্রকাশ পেলো। অনুষ্ঠান বাড়ির সামনে দিয়ে তৃণমূল কর্মী সুরজিৎ দে যাওয়ার সময় তার গাড়ির সামনে চলে আসে বিধায়ক ঘনিষ্ঠ রাজীব ঘোষ।এরপর সুরজিৎ ও রাজীবের মধ্যে বাগদি দন্ডা শুরু হয়। এর পর একে অপরের বিরুদ্ধে কাঁদা ছোড়াছুড়ি করেন। সুরজিতের অভিযোগ রাজীব গাড়ির চাবি কেরে নেন। ঘটনার খবর পৌঁছায় স্থানীয় জনপ্রতিনিধি অনিন্দিতা রাজবংশী মন্ডলের কাছে। অনিন্দিতা পৌঁছাতেই রাজীব তার জাত এবং বর্ণ নিয়ে খারাপ ভাষায় কথা বলতে শুরু করেন, পাল্টা জবাবে রাজীব বলেন এলাকায় একটি পুকুর ভরাট হচ্ছিল তা রুখে দেন রাজিব এই কারণে কাউন্সিলরের মদকে বেশ কিছু মধ্যপ যুবক তার বাড়িতে এসে গালিগালাজ এবং তার স্ত্রীর গায়ে হাত তোলেন। অনিন্দিতা কে গালিগালাজ করার অপরাধে রাজীবের বিরুদ্ধে থানায় অভিযোগ জানানোর কথা বলতেই রাজীব বলেন তার মাথার উপরে তার বড় বাবা অর্থাৎ বিধায়কের হাত আছে কেউ কিছু করতে পারবে না।এরপর কথা কাটাকাটি থেকে মারপিটে পৌঁছায়। অনিন্দিতার কাছ থেকে খবর পেয়ে তড়িঘড়ি ঘটনাস্থলে কেওটা সাহাগঞ্জ ফাঁড়ির ও চুঁচুড়া থানার বিশাল পুলিশ বাহিনী পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এলাকা পুরো থমথমে।







## রাজ্যের বিখ্যাত বাক ও শ্রবণ বিশেষজ্ঞ হিসেবে

## পুরস্কৃত মো: শাহীদুল আরেফিন




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জন্মের পর উপযুক্ত পরীক্ষা-নিরীক্ষা বা সময়মতো চিকিৎসা শুরু করলে বেশিরভাগ ক্ষেত্রেই কানে শোনা বা কথা বলার সমস্যার সমাধান সহজেই সম্ভব । সরকারি স্তরেও কানে শোনার বা কথা বলার সমস্যার উপযুক্ত চিকিৎসা ব্যবস্থা রয়েছে। অথচ মানুষের মধ্যে এ বিষয়ে সচেতনতার যথেষ্ট অভাব রয়েছে বলে মনে করেন চিকিৎসকরা আর এ ব্যাপারে বিনামূল্যে দীর্ঘদিন ধরে মানুষকে সচেতন করার কাজ এবং চিকিৎসা ব্যবস্থার মাধ্যমে কথা বলা বা কানে শোনার সমস্যার সমাধান করছেন কলকাতার এসএসকেএম হাসপাতালের বাক ও শ্রবণ বিশেষজ্ঞ মো: শাহীদুল আরেফিন । তার এই কাজের জন্য এবং সমাজের প্রতি তার এই অবাধ অবদানের জন্য "মোস্ট রিনাউন্ড অডিওলজিস্ট এন্ড স্পিচ প্যাথলজিস্ট ইন ওয়েস্ট বেঙ্গল" সম্মানে ভূষিত করল রেসেল মিডিয়া সংস্থা। কলকাতায় এক অনুষ্ঠানে এই সম্মান তুলে দেওয়া হয় তার হাতে। এই সম্মান পেয়ে অভিভূত মো: শাহীদুল আরেফিন বলেন, প্রাথমিক পর্যায়ে এই ধরনের সমস্যা ধরা পড়লে বেশিরভাগ ক্ষেত্রেই সমাধান খুব সহজেই করে তোলা যায়, তাই মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা দরকার এবং এই কাজটি তিনি দীর্ঘদিন ধরে করে চলেছেন । এই পুরস্কার ছাড়াও সম্প্রতি ডক্টর বি আর আম্বেদকর ন্যাশনাল অ্যাওয়ার্ড এবং এক্সেলেন্স ইন হেলথ কেয়ার অ্যাওয়ার্ডেও উনি ভূষিত হয়েছেন ।

## আচমকাই তিনতলা বাড়ির ছাদ ভেঙে পড়ে দোতলায়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিপজ্জনক বাড়ি নয়, বাড়ির বয়স মাত্র ১৫ বছর। তবে এই বর্ষায়, মাঝরাতে হুড়মুড়িয়ে ভেঙে পড়ল সেটি। ধ্বংসস্তূপে চাপা পড়েছিল বছর ১৭-এর কিশোরের। জানা গিয়েছে, কিশোরের নাম ধ্রুবজ্যোতি মণ্ডল। শুক্রবার ভোরবেলায় তাঁকে উদ্ধার করে আরজিকর হাসপাতালে নিয়ে যাওয়া হলে, চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।শহরে এর আগেও ভেঙে পড়েছে বহুতল, বিপজ্জনক বাড়ি। তবে বাগুইআটির তিনতলা বাড়ি হুড়মুড়িয়ে ভেঙে পড়ার ঘটনায় জানা গিয়েছে, বাড়িটি লোহার কাঠামোর বদলে

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# সংসদে দাবি তুলল একের পর এক তৃণমূল সাংসদরা

অসুবিধার সম্মুখীন হচ্ছেন। কীর্তি আজাদ প্রশ্ন তুলেছেন, কেন প্যাকেটে ছাপা দামের থেকেও বেশি টাকায় ওষুধ কিনতে হচ্ছে? সাকেত গোখলে, দোলা সেনেরা প্রশ্ন তুলেছেন, কেন জীবনবিমা এবং স্বাস্থ্যবিমার প্রিমিয়ামে ১৮ শতাংশ জিএসটি দিতে হবে? চটকল এবং চটকল শ্রমিকদের নিয়ে সরব হয়েছেন সুদীপ বন্দ্যোপাধ্যায়। চলতি অধিবেশনে সংসদের দুই কক্ষেই তৃণমূলের সাংসদেরা যা যা দাবি তুলছেন, তার মধ্যে 'নকশাবদল' দেখছেন অনেকে। তৃণমূলের পুরনো সাংসদেরাও মানছেন, এ বার সবটাই 'অন্য রকম'।২০২৪ সালের লোকসভা ভোটে বাংলায় তৃণমূলের প্রচারের মূল বিষয় ছিল 'কেন্দ্রের বঞ্চনা'। পাশাপাশিই মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়রা এই আখ্যান তৈরি করতে চেয়েছিলেন যে, কেন্দ্র 'প্রাপ্য' টাকা না দিলেও রাজ্য তা মিটিয়ে দিচ্ছে এবং দেবে। যে প্রচারের উদ্দেশ্য ছিলেন মূলত গ্রামীণ এবং অর্থনৈতিক ভাবে প্রান্তিক অংশের মানুষ। ভোটের ফলাফলে দেখা গিয়েছে, গ্রামের মানুষের সমর্থন তৃণমূলের ঝুলি ভরিয়ে দিলেও শহরাঞ্চলে তৃণমূলের জনসমর্থন কমেছে। যার রেশ ধরে শহরাঞ্চলের তৃণমূলে সাংগঠনিক এবং প্রশাসনিক রদবদলের জল্পনা জোরালো হয়েছে। সেই প্রেক্ষাপটেই তৃণমূলের সাংসদেরা গ্রামীণ জনতার দাবিদাওয়া তোলার পাশাপাশি সব অংশের মানুষের সমস্যা তুলে ধরার 'লাইনে' যে ভাবে হাঁটছেন, তা 'তাৎপর্যপূর্ণ'।অভিষেক নিজে বাজেটের উপর তাঁর বক্তৃতায় ১০০ দিনের কাজ এবং আবাস যোজনার বকেয়া নিয়ে সরব হয়েছেন। জবাবি বক্তৃতায় নির্মলা সেই প্রসঙ্গ না তোলায় পাল্টা শ্বেতপত্র প্রকাশের দাবি তুলে সংসদের বাইরেও বিরোধী পরিসরকে সরগরম করেছিলেন অভিষেক। মাঝে দু'দিন অভিষেকের সেই বক্তব্যকেই প্রচারের হাতিয়ার করেছিল তৃণমূল। তবে শুধু বকেয়া বা গ্রামীণ জনতার দাবিদাওয়াতেই সীমাবদ্ধ থাকছেন না তৃণমূলের সাংসদেরা। তার সঙ্গে জুড়ে যাচ্ছে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, শহরাঞ্চলের মানুষের দাবিদাওয়াও। জুন মালিয়া, শর্মিলা সরকার, বাপি হালদারের মতো এ বারই প্রথম জয়ী সাংসদেরাও নানা বিষয় তুলে ধরছেন। তা-ও নজর কাড়ছে অনেকের। ইতিমধ্যেই জীবনবিমা এবং স্বাস্থ্যবিমার প্রিমিয়ামে ১৮ শতাংশ জিএসটি প্রত্যাহারের দাবিতে কেন্দ্রের উপর চাপ বৃদ্ধি করতে শুরু করেছে তৃণমূল। সংসদে শুধু প্রশ্ন তোলা নয়, স্বয়ং মমতা বন্দ্যোপাধ্যায় এ নিয়ে চিঠি লিখেছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলাকে। বৃহস্পতিবার এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে পোস্ট করে মমতা হুঁশিয়ারির সুরে বলেছিলেন, জিএসটি প্রত্যাহার না হলে রাস্তায় আন্দোলনে নামবেন। এই বিষয়ে গত ২৮ জুলাই নির্মলাকে চিঠি লিখেছিলেন কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রী নিতিন গডকড়ী। গত ২৯ তারিখ রাজ্যসভায় বিষয়টি তোলেন তৃণমূল সাংসদ সাকেত। তার পর দোলাও এ নিয়ে সরব হন। তৃণমূলের এক প্রথম সারির নেতার কথায়, "নিতিন গডকড়ী যখন চিঠি লিখে তাঁরই সতীর্থকে কোনও দাবি জানাচ্ছেন, তখন বুঝতে হবে এর নেপথ্যে অন্য কারণ রয়েছে।'' তাঁর ব্যাখ্যা, "গডকড়ী সঙ্ঘের কথা ছাড়া চলেন না। অনেকের মনে হচ্ছে, সঙ্ঘের কথাতেই ওই চিঠি লিখেছেন গড়কড়ী। কিন্তু এটা জ্বলন্ত সমস্যা। এই বিষয়টাকে হেলায় ছেড়ে রাখা যায় না।"

# প্রবল বর্ষণে উত্তরাখণ্ড এবং হিমাচল প্রদেশে এখনো পর্যন্ত ২৩ জনের মৃত্যু, জোর কদমে চলছে আটকে থাকা বহু তীর্থযাত্রীদের উদ্ধার কাজ



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন :** উত্তরাখণ্ড এবং হিমাচল প্রদেশে প্রবল বর্ষণে ১৫ এবং ৮ জনের মৃত্যু হয়েছে। আগামী কয়েক দিন আরো বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। দুই রাজ্যের প্রশাসনের তরফ থেকে জীবিতদের সন্ধানে উদ্ধার কাজ শুরু হয়েছে। বৃহস্পতিবার প্রবল বৃষ্টির ফলে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ে। ভূমি ধসের কারণে এলাকা বিচ্ছিন্ন হয়ে যায়। এই প্রবল বর্ষণের ফলে বহু তীর্থযাত্রী আটকে পড়েছেন। হিমাচল প্রদেশে উদ্ধার কাজ চালানোর জন্য ড্রোন ব্যবহার করা হচ্ছে। আটকে পড়া বহু তীর্থযাত্রীদের উদ্ধারের জন্য ভারতীয় বিমান বাহিনীকে কাজে লাগানো হচেছ। কেদারনাথের বৃষ্টি বিধ্বস্ত রাস্তায় প্রায় ৮০০জন তীর্থযাত্রী আটকে পড়েছেন। এই সমস্ত তীর্থযাত্রীদের উদ্ধারের জন্য চিনুক ও এমআই ১৭ হেলিকপ্টার ব্যবহার করা হচ্ছে। সূত্রের খবর শনিবার যদি আবহাওয়া ভালো হয় তাহলে তীর্থযাত্রীদের অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে। প্রবল বর্ষণের ফলে হিমাচল প্রদেশের কুলুর নির্মন্দ, মালানা এলাকা, মান্ডির পদর, সাইঞ্জ এবং সিমলার রামপুর মহকুমা এলাকায় আকস্মিক বন্যা দেখা দিয়েছে। হিমাচল প্রদেশে এই প্রবল বৃষ্টির ফলে আরো তিনটি দেহ উদ্ধার করা হয়েছে। যা নিয়ে এই দফায় মৃতের সংখ্যা বেড়ে হলো ৮। সরকারের তরফ থেকে জানা গেছে গত ৩৬ ঘন্টায় প্রবল বৃষ্টির ফলে ৩২ টি ফুট ব্রিজ, ছটি গাড়ি, দোকান স্কুল এবং অন্যান্য যানবাহন ছাড়াও তিনটি জেলায় একশোর ওপরের বাড়ি সম্পূর্ণ বা আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং ক্ষতিগ্রস্তদের পঞ্চাশ হাজার টাকা করে ত্রাণ দেওয়ার কথা ঘোষণা করেছেন। এছাড়াও ক্ষতিগ্রস্ত মানুষদের জ্বালানি,খাবার ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসের জন্য পরবর্তী তিন মাসে পাঁচ হাজার টাকা দেওয়া হবে। হিমাচল রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন ৩৬১২টি রুটের মধ্যে ৮২টি রুটে বাস পরিষেবা স্থগিত রেখেছে। অন্যদিকে হিমাচল প্রদেশের রামপুর গ্রাম থেকে ৮ জন স্কুল শিশু নিখোঁজ হয়েছে। নিখোঁজ হওয়া শিশুরা স্থানীয় বাসিন্দা এবং ব্যাডমিন্টন ও ভলিবল খেলোয়াড় বলেই জানা গেছে। হিমাচল প্রদেশের পাশাপাশি উত্তরাখণ্ডের হরিদ্বার, কেদারনাথ, চামেলী, দেরাদুন, তেহরিতে অন্ততপক্ষে ১৫ জনের মৃত্যু হয়েছে বলে খবর পাওয়া গেছে। কেদারনাথ রুটে আটকে থাকা প্রায় ৮০০ জন তীর্থযাত্রীকে হেলিকপ্টারে উদ্ধারের পরিকল্পনা নেওয়া হয়েছে। এখনো পর্যন্ত কেদারনাথ রুট থেকে ৭২৩৪ জন তীর্থযাত্রীকে উদ্ধার করা সম্ভব হয়েছে। উদ্ধার করা তীর্থযাত্রীদের ছাড়াও গৌরিকুন্ড এবং ভীমবালিতে ত্রাণ শিবিরের রাখা হয়েছে। এখানে প্রবল বৃষ্টিতে সাতশোর ওপর বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানা গেছে। দেরাদুনের আবহাওয়া অফিসের তরফে শনিবার জানানো হয়েছে বাগেশ্বরের পাশাপাশি নৈনিতাল, চামোলি, উধম সিং নগর ও চম্পাওয়াতে বৃষ্টিপাতের সতর্কতা রয়েছে। পাশাপাশি সিমলার আবহাওয়া অফিস জানিয়েছে, হিমাচল প্রদেশের অন্তত দশটি জেলায় ৬ই আগস্ট পর্যন্ত বজ্রপাত সহ ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। পাহাড়ি এলাকায় আকস্মিক বন্যা, ভূমিধস ও ঘরবাড়ির ক্ষতির সম্ভাবনা সম্পর্কে সতর্ক করেছে আবহাওয়া দপ্তর।

১-ম পাতার পর

# প্রকৃতির রুদ্ররোষে কেরলের ওয়ানড় মৃত্যুপুরীতে পরিণত হয়েছে

ভূমিক্ষয়ের কারণে। ভূমিক্ষয় মূলত চুনাপাথরের ক্ষেত্রে হয়ে থাকে। যদিও ভেলারিমালার ক্ষেত্রে পাথরের ফাটলই কারণ বলে মনে করা হচ্ছে।সোমনের বক্তব্য, পাথুরে ফাটলে বিপুল পরিমাণ জল ঢুকলে তা একসময় বড়সড় ফাটলে পরিণত হয়। এমনকী ওই ভূমিখণ্ড পাহাড়ের ঢাল বেয়ে নেমে আসতে পারে। মনে করা হচ্ছে বিপর্যয়ের রাতে তেমনটাই ঘটেছিল। ভেলারিমালা থেকে কয়েক কিলোমিটার দূরত্বে অল্প সময়ের মধ্যে হুড়মুড় করে ধস নামে। এত দ্রুত গতির সঙ্গে সেই ধস নেমেছিল যে, সামনে যা পেয়েছে সব নিশ্চিহ্ন করে দিয়েছে। কে সোমনের বক্তব্য, এর আগেও ১৯৮৪ থেকে ২০২০ সালের মধ্যে মুন্ডাক্কাই এবং চূড়ালমালায় বেশ কয়েক বার ছোটখাটো ধস নেমেছিল। এখন প্রশ্ন উঠছে, ধসপ্রবণ হওয়া সত্ত্বেও ওই এলাকায় বসতি গড়ে তুলতে দিল কেন প্রশাসন? তাহলে কেবল বৃষ্টি, শুধু ভূমিধস নয়, সাড়ে তিনশো মানুষের মৃত্যুর কারণ দুর্নীতিও!

২ পাতার পর

# আচমকাই তিনতলা বাড়ির ছাদ ভেঙে পড়ে দোতলায়

বাঁশের কাঠামোয় তৈরি করা হয়েছিল, ছিল গাছের গুড়ি। সূত্রের খবর কাঠ এবং বাঁশের কাঠামো হওয়ায় বর্ষায় ভিত আলগা হয়ে যায়, ধসে পড়ে বাড়িটি। বাড়ির ছাদ ভেঙে পড়ে আহত হয় ওই কিশোর। ঘটনার প্রায় কয়েক ঘন্টা পর সেখানে পৌঁছেছিল বিপর্যয় মোকাবিলা বাহিনী। উপস্থিত হয় পুলিশ, দমকল বিভাগ। ঘটনাস্থল বাগুইআটি। বৃহস্পতিবার রাতে অশ্বিনীনগর এলাকায় আচমকাই তিনতলা বাড়ির ছাদ ভেঙে পড়ে দোতলায়। পরে দোতলার ছাদ হুড়মুড়িয়ে ভেঙে পড়ে। জানা গিয়েছে সেই সময় ঘরে বসে টিভি দেখছিল কিশোর। জানা গিয়েছে, চাপাপড়ে যাওয়ার খবর নিজেই পরিবারের অন্যদের দিয়েছিল কিশোর। সেই সময় বাড়িতে তার মা-দাদা ছিলেন না।

# স্বাস্থ্য খাতে রাজ্যের বকেয়া ৩২৮ কোটি টাকা মেটাতে চলেছে কেন্দ্রীয় সরকার

**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন :** বাংলার স্বাস্থ্য খাতে বকেয়া ৩২৮ কোটি টাকা মেটাতে চলেছে কেন্দ্রীয় সরকার। জানা গেছে পঞ্চদশ অর্থ কমিশনের খাতে এই অর্থ ইতিমধ্যেই মঞ্জুর করা হয়েছে।

স্বাস্থ্য খাতে কেন্দ্রের কাছে রাজ্যের বকেয়া প্রায় ৮০০ কোটি টাকা। কিন্তু প্রথম দফায় ৩২৮ কোটি টাকা মিটানো হচ্ছে বলে জানা যাচ্ছে। তবে বাকি টাকা কবে মেটানো হবে সে বিষয়ে স্পষ্ট কিছু জানা যায়নি। সূত্রের খবর খুব শীঘ্রই বাংলাকে এই টাকা দেওয়া হতে পারে।

অন্যান্য প্রকল্পের পাশাপাশি স্বাস্থ্য খাতে ও রাজ্যের প্রাপ্য আটকে ছিল। এই বিষয়ে গত এক বছরে একাধিক চিঠি রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রকে দেওয়া হয়েছে স্বাস্থ্য মন্ত্রকেও চিঠি দেয়া হয়েছে। কিন্তু তা মিটানো হয়নি। স্বাস্থ্য পরিকাঠামোকে ঢেলে সাজানোর কাজ ব্যাহত হচ্ছিল বলে স্বাস্থ্য আধিকারিকদের একাংশ মনে করছিলেন। জাতীয় স্বাস্থ্য মিশনের চুক্তি বাংলা মানছে না, রাজ্যের বিরুদ্ধে এই অভিযোগ গত বছর কেন্দ্রীয় সরকারের তরফ থেকে আনা হয়েছিল। শুধু তাই নয় চুক্তি অনুযায়ী একটি রং হওয়ার কথা ছিল। কিন্তু তাও মানা হচ্ছে না বলঅভিযোগ এসেছিল। এছাড়াও নীল সাদা রং করা নিও অভিযোগ সামনে এসেছিল। যা নিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ক্ষুব্ধ হয়েছিলেন। এই অবস্থায় বকেয়া বরাদ্দ কিছুটা মেটানো হলে বিভিন্ন কাজে গতি আসবে বলে মনে করা হচ্ছে।

১০০ দিনের কাজের টাকা সহ একাধিক প্রকল্পের টাকা কেন্দ্রের কাছে বকেয়া আছে। এই ইস্যুতে একাধিকবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রধানমন্ত্রীর কাছে দরবার করেছিলেন। এমনকি দিল্লিতে ধর্ণায় বসে ছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। কিন্তু বার বার দাবি জানিও কোন লাভ হয়নি। এই অবস্থায় সম্প্রতি বারবার এর তৃণমূল সাংসদ অর্থ মন্ত্রকের কাছে শ্বেতপত্র প্রকাশের দাবি জানিয়েছেন। এ নিয়ে বিতর্ক তুঙ্গে উঠেছিল।

২ পাতার পর

# আচমকাই তিনতলা বাড়ির ছাদ ভেঙে পড়ে দোতলায়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারী বৃষ্টি চলছে জেলায় জেলায়। এরইমধ্যে শুধু আসানসোলেই জলের তোড়ে ভেসে গিয়ে মৃত্যু হয়েছে ৩ জনের। আসানসোলের একটি অনুষ্ঠানে গিয়ে এই তথ্য দিলেন রাজ্যের মন্ত্রী মলয় ঘটক। মৃত্যু হয়েছে চঞ্চল বিশ্বাস, রোহিত রায়, এবং ইসিএল কর্মী গৌরাঙ্গ রায়ের। এরইমধ্যে গাড়ুই নদীতে ভেসে যাওয়া চারচাকার খোঁজ মিলেছে শনিবার সকালে। অন্যদিকে দুর্যোগের কবলে পড়েছিলেন কেএস রোডের রোহিত রায়ও। সুকান্ত পল্লীতে গাড়ুই নদীর উপরে একটি অস্থায়ী সেতু পার করে আসার চেষ্টা করছিলেন তিনি। তখনই পা পিছলে নদীতে তলিয়ে গিয়েছিলেন তিনি। শনিবার ভোরে ১৯ নম্বর জাতীয় সড়কের কাল্লা মোড়ের কাছে নদী থেকে তাঁর দেহ উদ্ধার হয়।সেই গাড়ির ভেতর থেকে উদ্ধার হয় চালক চঞ্চল

এরপর ৪ পাতায়

# এখন কৌতূহলের বিষয় হল, অখিল গিরির ভবিষ্যৎ কী?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শনিবার সকালে পূর্ব মেদিনীপুরের তাজপুরে যে ঘটনা ঘটেছে তাতে আন্দোলিত গোটা রাজ্য। কেন? কারণ, দেখা গিয়েছে, রাজ্যের মন্ত্রী অখিল গিরি বন দফতরের স্থানীয় রেঞ্জ অফিসার মনীষা সাউকে যা নয় তাই বলছেন। কালীঘাটের ঘনিষ্ঠ এক নেতা এদিন বলেন, মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায় দুজনেই মধ্যমেয়াদে শুদ্ধিকরণ চাইছেন। যাতে ছাব্বিশের বিধানসভা ভোটের আগে দলের ভাবমূর্তি উজ্জ্বল করা যায়। একুশের মঞ্চ থেকেও মমতা ও অভিষেক দলের প্রতি সেই মর্মেই পই পই করে বার্তা দিয়েছেন। কিন্তু শনিবার অখিল যা বলেছেন, যে আচরণ দেখিয়েছেন, তা মমতা-অভিষেকের সেই উদ্দেশ্যের একেবারেই উল্টো।

তাজপুরে সমুদ্র সৈকতে গাছ কেটে বেআইনি ভাবে দোকানপাট বসানো হয়েছিল। সেই দোকানপাটগুলোই ভেঙে দেন স্থানীয় রেঞ্জ অফিসার মনীষা সাউ। হতে পারে স্থানীয় মানুষের পাশে দাঁড়াতে গিয়ে উত্তেজিত হয়ে পড়েন অখিল। কিন্তু তাঁকে যে মূর্তিতে দেখা গিয়েছে, একজন মহিলা অফিসারকে তিনি যেভাবে হেনস্থা করেছেন তাতে তাঁর উপর দলের উপর সারির নেতারা অনেকেই চটেছেন। এর পর মন্ত্রিসভা থেকে অখিলের অপসারণ হয়তো এখন শুধু সময়ের অপেক্ষামাত্র।কোনও মহিলা অফিসারকে এভাবে কথা বলা যে বেয়াদব ও নারীবিদ্বেষী তা নিয়ে সংশয় নেই। কেউই এভাবে কোনও মহিলার সঙ্গে কথা বলতে পারেন না। তার উপর অখিল গিরি আবার মন্ত্রী। রাজ্যের বর্তমান বনমন্ত্রী হলেন বীরবাহা হাঁসদা। তাঁর দফতরের মহিলা অফিসারের সঙ্গে রাজ্যের প্রবীণ মন্ত্রীর এমন কুৎসিত আচরণ দেখে বীরবাহাও স্তম্ভিত। তিনি সাংবাদিকদের বলেছেন, ব্যাপারটা তিনি অবশ্যই মুখ্যমন্ত্রীকে জানাবেন।

এখন কৌতূহলের বিষয় হল, অখিল গিরির ভবিষ্যৎ কী?

পূর্ব মেদিনীপুরের রাজনীতিতে অখিল গিরি বরাবরই শুভেন্দু অধিকারী বিরোধী নেতা বলে পরিচিত। বস্তুত শুভেন্দুকে বাগে রাখতেই কৌশলগত ভাবে অখিলের রাজনৈতিক ওজন বাড়ানো হয়েছিল। তাঁকে রাজ্য মন্ত্রিসভায় স্থান দেন মমতা বন্দ্যোপাধ্যায়। শুধু তাই নয় অখিলের ছেলে সুপ্রকাশ গিরিকে সাংগঠনিক

এরপর ৪ পাতায়



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২১২ সংখ্যা ০৪ আগস্ট, ২০২৪ রবিবার ১৯ শ্রাবণ, ১৪৩১

## সম্পাদকীয়

# বাংলাদেশে ছাত্রদের আন্দোলন শনিবার সন্ধ্যায় নয়া মোড় নিল

বাংলাদেশে ছাত্রদের আন্দোলন শনিবার সন্ধ্যায় নয়া মোড় নিল। সরকারি চাকরিতে কোটা বিলোপের দাবি পূরণের পর আন্দোলনকারীরা মামলা প্রত্যাহার, দোষী পুলিশ ও আওয়ামী লিগ নেতাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ-সহ নয় দফা দাবিতে আন্দোলন চালিয়ে যাওয়ার কথা ঘোষণা করেছিল।আন্দোলনকারীরা আগেই রবিবার থেকে অসহযোগ আন্দোলনের ডাক দিয়ে রেখেছে। সেই আন্দোলন এখন চলবে এক দফা দাবি আদায়ের লক্ষ্যে। প্রধান বিরোধী দল বিএনপি ও তাদের সহযোগীরা প্রথম থেকেই ছাত্রদের আন্দোলনের পাশে আছে। এ বছর দেশে জাতীয় সংসদ নির্বাচনের আগে বিরোধী দলও হাসিনার পদত্যাগের এক দফা দাবিকে সামনে রেখে ভোট বয়কটের ডাক দিয়েছিল। তারা দাবি করেছিল তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন করতে হবে। শাসক দলের পাল্টা বক্তব্য ছিল নির্বাচিত সরকারের পদত্যাগের প্রশ্নই ওঠে না। এবার বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনকারীরা নির্বাচিত সরকারের পদত্যাগের দাবিতে পথে থাকার ডাক দিল।শনিবার সন্ধ্যায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনকারীদের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম ঢাকার শহিদ মিনারের জমায়েতে ঘোষণা করেন, আন্দোলন এখন থেকে এক দফার। সেই এক দফা দাবি হল, শেখ হাসিনা ও তাঁর সরকারের অপসারণ।

ঘটনাচক্রে শনিবারই হাসিনা এক অনুষ্ঠান মঞ্চ থেকে আন্দোলনকারী ছাত্রদের উদ্দেশে আহ্বান জানিয়ে বলেন, 'আমি নিজেই আলোচনায় বসতে রাজি। আমার দুয়ার সর্বদা খোলা। আন্দোলনকারী ছাত্ররা অভিভাবকদের সঙ্গে নিয়ে গণভবনে (প্রধানমন্ত্রী অফিস ও বাড়ি) আসতে পারেন।'সন্ধ্যায় আন্দোলনকারীরা এক দফা দাবিতে আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা করার সময়ই আশঙ্কা করা হয়েছিল বাংলাদেশের পরিস্থিতি আরও ঘোরালো হতে পারে। ওই ঘোষণার অল্প সময়ের মধ্যেই চট্টগ্রামে সে দেশের শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর পৈত্রিক বাড়িতে হামলা চালানো হয়। আন্দোলনকারীরা অবশ্য এই হামলার দায় নেয়নি। চট্টগ্রামেই আওয়ামী লিগের সাংসদ মহম্মদ মহিউদ্দীনের অফিসে হামলা হয়। এ ছাড়াও দেশের ওই বন্দর তথা বাণিজ্য শহরের একাধিক জায়গায় পুলিশের উপর চড়াও হয় আন্দোলনকারীরা। শুক্রবার খুলনায় এক পুলিশ কর্মীকে পিটিয়ে হত্যা করে আন্দোলনকারী ছাত্ররা।শনিবার সন্ধ্যায় আন্দোলনকারীদের তরফে বলা হয়, নয় দফা নয়, তারা এক দফা দাবি আদায়ে রাজপথে থাকবেন। শেখ হাসিনা সরকারের পতন নিশ্চিত করার ডাক দিয়ে সমাজের সব অংশের মানুষকে আন্দোলনে ঝাঁপিয়ে পড়ার আহ্বান জানানো হয় ছাত্রদের তরফে। তাঁদের বক্তব্য, এক দফা পূরণ হলেই সব সমস্যার সমাধান হয়ে যাবে। শেখ হাসিনার পাশাপাশি আওয়ামী লিগের তরফেও ছাত্রদের আলোচনায় বসার আহ্বান জানানো হয়েছিল। শাসক দল তিন নেতাকে এজন্য বিশেষ দায়িত্ব দিয়েছে। কিন্তু আন্দোলনকারীদের দিক থেকে সাড়া মেলেনি।

৩ পাতার পর

## আসানসোলেই জলের তোড়ে ভেসে গিয়ে মৃত্যু হয়েছে ৩ জনের

বিশ্বাসের (৫৯) দেহ। প্রাক্তন সেনা কর্মী চঞ্চল বাবু বর্তমানে একটি সরকারি সংস্থায় কাজ করছিলেন বলে জানা যাচ্ছে। শনিবার সকালে কল্যাণপুর হাউজিং থেকে কিছুটা দূরে তাঁর গাড়িটি উদ্ধার করে এনডিআরএফ। শোকের ছায়া নেমেছে পরিবারে।

তবে শুধু এ ঘটনা নয়, আরও দু'টি ঘটনায় দু'জনের মৃত্যুর খবর মিলেছে। এর মধ্যে আসানসোল দক্ষিণ থানার রাহালেনের গৌরাঙ্গ রায় নামে এক খনি কর্মী রয়েছেন। অন্যজন রোহিত রায়। তাঁর বাড়ি আসানসোল উত্তর থানার রেলপারের ডিপোপাড়ার কেএস রোডে। সূত্রের খবর, শুক্রবার বৃষ্টি মাথায় নিয়েই বাইক নিয়ে কোলিয়ারিতে যাচ্ছিলেন গৌরাঙ্গবাবু। কালিপাহাড়ি রেল ব্রিজে ঘটে দুর্ঘটনা। জলের তোড়ে মোটরবাইক নিয়ে ভেসে যান তিনি। তারপর থেকেই চলছিল খোঁজ। শনিবার সকালে কালিপাহাড়ি রেল ব্রিজ থেকে অনেকটা দূরে তাঁর দেহ উদ্ধার হয়।

৩ পাতার পর

## এখন কৌতূহলের বিষয় হল, অখিল গিরির ভবিষ্যৎ কী?

দায়িত্ব দেওয়া হয়। তাঁকে কাথি পুরসভার চেয়ারম্যানও করা হয়। কিন্তু সেই অখিলের সাংগঠনিক ব্যর্থতার কারণে দলের শীর্ষ নেতারা এমনিতেই তাঁর উপর অসন্তুষ্ট। তা ছাড়া অখিলের বিরুদ্ধে গোষ্ঠী রাজনীতির অভিযোগ রয়েছে। কালীঘাটের ঘনিষ্ঠ সূত্রে বলা হচ্ছে, মন্ত্রিসভার আসন্ন রদবদলে অখিলকে মন্ত্রিপদ থেকে সরানোর সম্ভাবনা আগে থেকেই ছিল। শনিবারের ঘটনা তাতে আরও ইন্ধন জোগাবে বলেই মনে করা হচ্ছে। বড় কথা হল, এই প্রথম নয়। এর আগে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সম্পর্কে নেতিবাচক মন্তব্য করেও বিতর্কের মুখে পড়েছিলেন। সেই সময়ে নবান্নে সাংবাদিক বৈঠক থেকে অখিলকে সতর্ক করেছিলেন মুখ্যমন্ত্রী।

কালীঘাটের ঘনিষ্ঠ এক নেতা এদিন বলেন, মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায় দুজনেই মধ্যমেয়াদে শুদ্ধিকরণ চাইছেন। যাতে ছাব্বিশের বিধানসভা ভোটের আগে দলের ভাবমূর্তি উজ্জ্বল করা যায়। একুশের মঞ্চ থেকেও মমতা ও অভিষেক দলের প্রতি সেই মর্মেই পই পই করে বার্তা দিয়েছেন। কিন্তু শনিবার অখিল যা বলেছেন, যে আচরণ দেখিয়েছেন, তা মমতা-অভিষেকের সেই উদ্দেশ্যের একেবারেই উল্টো।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এসব ইতিহাস সত্য, আজও মানুষের মুখে প্রকাশ পায়। সেই কারনে আদিম কাল থেকে শুধু নয় আজও দেব চেতনার পেছনে মানুষের, ভয়, বিস্ময় ও ভক্তি কাজ করেছে। আদিম মানুষ পাশের জগৎ জীবন ও তার বিস্ময়কর প্রকাশকে দেখে কোথাও বিস্মিত হয়েছে, আবার কোথাও ভয়ে বিভোর হয়েছে। তবে আজও সুন্দরবন বাসীরা বনবিবি দেবীকে বিশ্বাস করে,সেই কারনে সুন্দরবন বিভিন্ন জায়গায় বনবিবি দেবী পূজিত হন শুক্রবার দিনে। ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মুনি ঋষিদের বংশধর বাংলার সাধক বামাক্ষ্যাপা



মৃত্যুঞ্জয় সরদার

(প্রথম পর্ব)



রাজ্য রাজনীতি দেখুন খুনের মতো ঘটনা ঘটেই চলেছে, দুষ্ট লোক তৎকালীন সময়ে বামদেবের আমলে হয়েছিল আজকের যুগেও তেমনি দুষ্ট লোক রজনীতে শক্তিশালী হয়ে উঠেছে। সত্যি ভালো মানুষগুলো আজ যেন সেই অত্যাচারী মানুষের হাতে অত্যাচারিত চলছে। আর বামদেবের সেই বড় মা আজও বাংলার এই অত্যাচারী মানুষগুলোর হাত থেকে রক্ষা করছে। স্বয়ং সিদ্ধ পিঠে যোগীদের আশ্রয়স্থল বামদেব মাতারা আবির্ভূত করেছিল চন্ডিপুরে। বীরভূমের চন্ডিপুর আজ একটি সিদ্ধ প্রতিষ্ঠান মহাস্থান হিসেবে ঘোষণা হয়েছে তারাপীঠ মহাপীঠ নামে। দিনের-পর-দিন কলম ধরছি তারাপীঠের জন্য কিন্তু মা তারা একটু একটু করে হয়তো মুখ তুলে তাকিয়ে আছে বিশ্বের দিকে। অত্যাচারী বিনাশ করার জন্য, মহামারির কবলে পড়ে ধ্বংস হচ্ছে মানব জাতি,দিশেহারা হয়ে পরছে অতি সাধারণ মানুষ গুলো।আমরা নিজের আদিম সত্তাকে ভুলে গেছি, নিজের সত্তার ইতিহাস হয়তো আমরা অনেকেই জানিনা। এ কথাটি লেখার আগে আমার স্মৃতিতে স্মৃতিচারণ হচ্ছে বারবার লেখার সত্তার ইতিহাসের কথা,স্বপন সরদার একজন সরকারি কর্মচারী তার সন্ধিক্ষণে আসার আমার সৌভাগ্য হয়েছিল। তিনি বহুমুখী প্রতিভা পূর্ণ একজন ব্যক্তিত্ব,সারা ভারতবর্ষের আদিবাসীদের সাদরি ভাষার তিনি একজন গবেষক।তিনি একটি লেখাকে কতটা সমৃদ্ধি তাৎপর্যপূর্ণ করে তুলতে হয় সেটি আমাকে খুব ছোট থেকে শিখিয়েছিলেন।শিক্ষা ও জানার শেষ কোথাও নেই, তাই ভারতবর্ষের মনিঋষিদের বংশধর বাংলার বামাক্ষ্যাপা যা আজ বাংলার ইতিহাসে স্মরণীয়।ভারত বর্ষ মুনি-ঋষিরা যেভাবে বংশ বিস্তার করেছিলেন তার কিছুটা কথা আজ উল্লেখযোগ্য বিষয় আমাদের পৃথিবীর ইতিহাসে। পৃথিবী যে একদম পুরোটাই ভারতবর্ষ ছিল তারও প্রমান খুব সহজেই পাওয়া যায় শাস্ত্র থেকে। উপরোক্ত গবেষণামূলক প্রতিবেদন থেকে অনেক গবেষকগণ স্বীকার করতে এখন আর দ্বিমত করে না। এক সময় ধীরে ধীরে সেই ভারতবর্ষ ভেঙ্গে গড়ে সাতটি পৃথক মহাদেশ এবং বহু দেশ। মূলত, ককেশাস নামক স্থানকে বলা হয় শ্বেত মানবদের উৎপত্তি উৎস হিসেবে। বর্তমান বিশ্বের পশ্চিমা জগতের যেসব সাদা লোকদের দেখতে পাওয়া যায় তাদের উত্তরসূরীদের বসতি ছিল এই ককেশাস (coucasus) নামক স্থানে। মোসলেম এবং খ্রিষ্টানদের মতে এ স্থানেই ছিল স্বর্গের উদ্যান এটি হল আব্রাহামের বসতভূমি। যেটিকে ইন্দো ইউরোপীয়ান ককেশিয়ানদের পিতৃভূমি হিসেবে মনে করা হয়।তৈত্তিরীয় (Aitareya) উপনিষদে এ বিষয়ে বলা হয়েছে। ব্রহ্মার পুত্র মরিচীর পুত্র ছিল কশ্যপ মুনি। ১২০ মিলিয়ন বছর পুর্বে কশ্যপ মুনি ইন্দো-ইউরোপীয়ানদের পিতা হয়েছিলেন। এসমস্ত ইন্দো-ইউরোপীয়ানদের কিছু পৃথিবীর পশ্চিমে গেল আর কিছু গেল পূর্বে। কশ্যপ মুনি স্বয়ং ক্যাসপিয়ান সাগরের নিকটে ধ্যান মগ্ন হয়ছিল। যার বর্তমান নামকরণ অর্থাৎ ক্যাসপিয়ান সাগর ঐ কশ্যপ মুনির নামেই নামকরণকৃত। সূর্যদেব বিবস্বান ছিলেন কশ্যপ মুনির পুত্র যার স্ত্রী ছিলেন অদিতি। সূর্যদেবের অস্থিত্ব যে পশ্চিমা দেশেও ছিল তার প্রমাণ এখন পৃথিবীর অনেক স্থানে সূর্যদেবতাকে পুজার প্রচলন।

কশ্যপ মুনি এবং দিতি থেকে সৃষ্ট দৈত্যরা তখন ইউরোপ জুড়ে বিস্তার লাভ করেছিল। বর্তমানের টাইটানস (Titans) এবং টিউটনস

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# ভারতের সীমান্তরক্ষী বাহিনীর প্রধান পদচ্যুত



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : ভারতের সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) প্রধান মহাপরিচালক নিতিন আগারওয়াল এবং তার সহকারী বিশেষ মহাপরিচালক (পশ্চিম) ওয়াই বি খুরানিয়াকে পদচ্যুত করেছে দেশটির কেন্দ্রীয় সরকার। শুক্রবার ভারতের কেন্দ্রীয় সরকার এই দুইজনকে বিএসএফ থেকে সরিয়ে দেওয়ার 'অভূতপূর্ব' সিদ্ধান্ত নেয় বলে জানিয়েছে সংবাদমাধ্যম এনডিটিভি।

একটি সরকারি আদেশ অনুসারে অবিলম্বে তাদের নিজ নিজ রাজ্য ক্যাডারে ফেরত পাঠিয়েছে। নিতিন আগারওয়াল ১৯৮৯ ব্যাচের কেরালা ক্যাডার অফিসার। অপরদিকে ওয়াই বি খুরানিয়া উড়িশা ১৯৯০ ব্যাচের কর্মকর্তা। আগারওয়ালকে গত বছরের জুনে বিএসএফ প্রধান হিসেবে নিযুক্ত করে দেশটির সরকার। তার সহযোগী খুরানিয়া পাকিস্তান সীমান্তে মোতায়েনকৃত বিএসএফ সদস্যদের কমান্ডারের দায়িত্ব পালন করছিলেন। মন্ত্রিপরিষদের নিয়োগ কমিটির জারি করা পৃথক আদেশে জানানো হয়েছে, তাদের 'অবিলম্বে' প্রত্যাবাসন করা হচ্ছে। এ দুজনকে 'এই মুহূর্ত থেকে মেয়াদ পূর্ণ করার আগেই' পদচ্যুত করা হয়েছে। একটি সূত্র জানিয়েছে, আন্তর্জাতিক সীমান্ত দিয়ে ভারতে প্রায়ই অনুপ্রবেশের ঘটনা ঘটছে। এ কারণে কেন্দ্র সরকার তাদের পদচ্যুত করার মতো কঠোর সিদ্ধান্ত নিয়েছে। বিএসএফ প্রধানের বিরুদ্ধে অভিযোগ রয়েছে গুরুত্বপূর্ণ বিষয়গুলোতে তার সমন্বয় করার সক্ষমতার ঘাটতি রয়েছে।

গত দুই মাসে আক্রমণ এবং অতর্কিত হামলা নিয়মিত ঘটনা হয়ে উঠেছে সীমান্তে। বিশেষ করে পীর পাঞ্জালের দক্ষিণাঞ্চলে। এটি এমন একটি এলাকা যেখানে সন্ত্রাসবাদের আতঙ্ক দীর্ঘদিন ধরে সুপ্ত অবস্থায় ছিল। সাম্প্রতি সেখানে এক অভিযানে দুই সেনা কর্মকর্তা নিহত হন। তাদের মধ্যে একজন লস্কর-ই-তৈয়বা স্নাইপার এবং অন্যজন বিস্ফোরক বিশেষজ্ঞ।

# সিনেমার খবর

cinema TV

## দীপিকার সঙ্গে প্রতারণা নিয়ে প্রথমবার মুখ খুললেন রণবীর



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** দীপিকা পাড়ুকোন ও ক্যাটরিনা কাইফের সঙ্গে রণবীর কাপুরের প্রেম একটা সময় ছিল বি টাউনের অন্যতম চর্চিত বিষয়। তাদের সঙ্গে প্রেম ভাঙার পর 'ক্যাসানোভা' তকমা পেয়েছিলেন অভিনেতা। যদিও তিনি এখন আলিয়া ভাটের সঙ্গে সংসার করছেন, এক কন্যা সন্তানের বাবাও হয়েছেন।

সম্প্রতি এক সাক্ষাৎকারে রণবীর দাবি করলেন, মানুষ পুরো সত্যিটা এখনও জানেন না। সবাই শুধু তাকে প্রতারক ভেবে এসেছেন। সম্পর্ক নিয়ে রণবীর বলেন, ক্যারিয়ারের শুরুর দিকে সবাই আমাকে 'প্লেবয়' ভাবতেন, যিনি শুধুই অভিনেত্রীদের সঙ্গে প্রেম করে বেড়ান। তা হলে, একটা গল্প বলি। আমি তিন বছর ন'মাসের জন্য নিউ ইয়র্কে ছিলাম। ওই পুরোটা সময়ে আমি কারও সঙ্গে প্রেম করিনি। তার আগে স্কুলে আমার এক প্রেমিকা ছিল। কিন্তু নিউ ইয়র্কে চলে আসার পরে আমি ঠিক করি, আর প্রেম নয়। এবার কাজে মন দেব।

রণবীরের দাবি, তিনি প্রেমিক হিসেবে খুবই বিশ্বস্ত ছিলেন। তার কথায়, হ্যাঁ, এটা ঠিক, আমি দু'জন সফল অভিনেত্রীর সঙ্গে প্রেম করেছি। কিন্তু সেটাই আমার পরিচয় হয়ে গেছে। আমাকে ঠকবাজ, প্রতারকের তকমা দেওয়া হয়েছে । এখনও বলা হয়। কিন্তু এসব নিয়ে আমি ভাবি না, কারণ সম্পূর্ণ সত্য মানুষ আজও জানে না। আমি অন্য কারও মতো এসব নিয়ে কথাও বলিনি, কারণ এগুলো খুব ব্যক্তিগত বিষয়। এগুলো বলে কেউ যদি আনন্দ পান, তা হলে আমার কিছু বলার নেই।

উল্লেখ্য, ২০০৮ সালে প্রেম শুরু হয় দীপিকা ও রণবীরের। সেই সম্পর্ক বেশিদিন টেকেনি। দীপিকা দাবি করেছিলেন, রণবীর তার সঙ্গে প্রতারণা করেছেন। তার পরেই ক্যাটরিনার সঙ্গে সম্পর্কে জড়ান অভিনেতা। দীর্ঘ দিনের সেই সম্পর্কও পরিণতি পায়নি।

## মা পাঞ্জাবি, স্বামী মুসলিম, কোন ধর্মের অনুসারী কারিনা?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের প্রথম সারির অভিনেত্রীদের একজন কারিনা কাপুর খান। পাঞ্জাবি পরিবারের মেয়ে তিনি। বিয়ে করছেন নবাব পরিবারে। কারিনা যখন অভিনেতা সাইফ আলি খানকে বিয়ে করেন সেই সময় অভিনেত্রী ধর্মান্তরিত হয়েছেন কি না তা নিয়ে আলোচনা হয়েছে বিস্তর। যদিও কারিনা বরাবরই জানিয়েছেন তাদের পরিবারে এসব বিষয়ে খুব বেশি মাথা ঘামানো হয় না। তবে সম্প্রতি পাতৌদি পরিবারের অন্দরের কথা প্রকাশ্যে আনলেন তৈমুরের ন্যানি (শিশু পরিচর্যাকারিণী) ললিতা ডি সিলভা।



সম্প্রতি ললিতা এক পডকাস্ট শো'তে কারিনার ভূয়সী প্রশংসা করেন। মা হিসেবে অভিনেত্রী কতটা নিয়মানুবর্তী সেটা জানান। ন্যানির কথায়, দুই ছেলে তৈমুর ও জেহ্‌কে গভীর মূল্যবোধের মধ্যে দিয়ে বড় করে তুলছেন কারিনা। ললিতা বলেন, অসাধারণ মা তিনি। খুবই নিয়মানুবর্তিতার মধ্যে দিয়ে চলেন। সাইফও সন্তানদের অনেকটা সময় দেন। খুব সুন্দরভাবে দুই সন্তানকে মানুষ করছেন।

এরপর কারিনার ধর্ম নিয়েও কথা বলেন ন্যানি। জানান, মুসলমান সাইফকে বিয়ে করলেও কারিনা তার মায়ের খ্রিস্ট ধর্ম অনুসরণ করেন। সেভাবেই চলাফেরা করেন। ললিতার কথায়, কারিনা নিজের মা ববিতার মতো খ্রিস্ট ধর্মে মেনে চলেন। দুই ছেলেকে স্তব করার পাঠ দিয়েছেন। আমাদের বলতেন দুই ছেলের সামনে 'এক ওঙ্কার' মতো জপ করতে।

কারিনা যে খ্রিস্ট ধর্মের প্রতি বিশেষভাবে আকৃষ্ট সেটা কফি উইথ করণ এর সাম্প্রতিক শো'তেই জানিয়েছেন। পাশপাশি এটাও জানান, করিনাকে দেখে তৈমুরও সেদিকেই আকৃষ্ট হচ্ছে। খ্রিস্ট ধর্মে নিয়ে সেও বেশ উৎসুক।

## দেশি লুকে মিষ্টি হাসির দর্শনা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** কলকাতার অভিনেত্রী দর্শনা বণিককে দেখা গেছে বাংলাদেশের আলোচিত চলচ্চিত্র 'অপারেশন সুন্দরবন'-এ। দেখা গেছে এ বছর মুক্তি পাওয়া 'ওমর' সিনেমায়ও। এমনিতে ওপার বাংলার নতুন অভিনেত্রীদের মধ্যে বেশ জনপ্রিয় তিনি। আরেক জনপ্রিয় অভিনেতা সৌরভ দাসের সঙ্গে বিয়ে হয়েছে তার ২০২৩ সালে।

২০১৮ সালে অভিনয় জগতে পা রাখেন দর্শনা। এ বছর কোরবানির ঈদে বাংলাদেশের অভিনেতা ইয়াশ রোহানের বিপরীতে তাকে দেখা গেছে 'ইতিবৃত্ত' টেলিফিল্মে, যেখানে তাকে দর্শক খুব পছন্দ করেন। মিষ্টি হাসি আর সুন্দর মুখশ্রীর সঙ্গে তার আকর্ষণীয় ফিগারের প্রশংসা যেন করতেই হয়।

দর্শনার ইনস্টাগ্রামে ঢুঁ মেরে দেখা গেল, তিনি বৈচিত্র্যময় সাজপোশাকে অত্যন্ত ফ্যাশনেবলভাবে নিজেকে উপস্থাপন করেন। দেশি লুকে এ মিষ্টি হাসির অভিনেত্রীর জুড়ি নেই। লাল-নীল শাড়ির সঙ্গে ছোট দৈর্ঘ্যের ম্যাচিং লাল কনুই ছাড়ানো ব্লাউজ পরেছেন। বেশ নিচেই ড্রেপ করা হয়েছে শাড়ি, যা দিয়েছে আবেদনময় লুক।

এ ছাড়া দেখা গেছে গভীর নেকলাইনের অফ হোয়াইট টপের সঙ্গে ম্যাচিং ঘাগড়া ও শিয়ার ওড়না। টপের অ্যান্টিক লেইসের সঙ্গে মিলে গেছে একই ফিনিশের চোকার, লম্বা ঝোলানো দুল আর হাতের চুড়ি।

## নির্জন দ্বীপে প্রেমিকের সঙ্গে একান্ত সময় কাটাচ্ছেন কৃতি!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী কৃতি শ্যাননের সময়টা ভালোই যাচ্ছে। একের পর এক সফল ছবি দিচ্ছেন ভক্তদের। অন্য দিকে নিজের প্রসাধনী ব্র্যান্ডের কাজও চলছে পুরোদমে। ইতোমধ্যে কিনেছেন নতুন বাড়ি। বি-টাউনে কান পাতলেই শোনা যায়, লন্ডন নিবাসী শিল্পপতি কবীর বহিরার সঙ্গে সম্পর্কে রয়েছেন অভিনেত্রী। সেই জল্পনাই যেন আরো ঘনীভূত হলো এবার।

মাইকোনস নামে গ্রিসের এক দ্বীপে ছুটি কাটাতে গিয়েছেন কৃতি। সেখানেই কবীরের সঙ্গে ক্যামেরাবন্দি হয়েছেন তিনি। দেখা গেছে, একটি পার্টিতে বেশ সুসময় কাটাচ্ছেন যুগলে মিলে। তাদের অজান্তেই সেখানে উপস্থিত কেউ ছবি তুলেছেন। দু'দিন আগেই জন্মদিন ছিল কৃতির। সেই উপলক্ষেই ছুটি কাটাতে গ্রিসে পাড়ি দিয়েছেন তিনি। তাই কবীরের সঙ্গে ক্যামেরাবন্দি হতেই অনুরাগীরা কিছুটা নিশ্চিত, মহেন্দ্র সিংহ ধোনির ঘনিষ্ঠ এই শিল্পপতিকেই মন দিয়েছেন অভিনেত্রী। আরো চোখে পড়ার বিষয় হল, কবীর বহিয়াও সেই পার্টি থেকে একটি ছবি ভাগ করে নিয়েছেন সমাজিক মাধ্যমে। যদিও সেই ছবিতে কৃতিকে দেখা যায়নি।

তবে এর আগেও কবীরের সঙ্গে কৃতিকে দেখা গিয়েছিল। বর্ষবরণের সময় দুবাইতে একসঙ্গে পার্টি করতে দেখা গিয়েছিল তাদের। সঙ্গে ছিলেন কৃতির বোন নুপূর শ্যানন ও স্বস্ত্রীক মহেন্দ্র সিংহ ধোনি। এই পার্টির ছবি প্রকাশ্যে আসতেই জল্পনার সূত্রপাত।

তাছাড়া, প্রায়ই সময় পেলে আজকাল লন্ডনে ছুটি কাটাতে পৌঁছে যান কৃতি। এতেই জল্পনা বেড়েছে, লন্ডন নিবাসী কবীরকেই মন দিয়েছেন তিনি। যদিও এই গুঞ্জন নিয়ে কখনোই মুখ খোলেননি অভিনেত্রী।

## বিদায় নাদালের, মহারণ জিতলেন জোকোভিচ



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : সার্বিয়ান টেনিস তারকা নোভাক জোকোভিচের সঙ্গে মুখোমুখি লড়াইয়ে ২৯-৩১ ব্যবধানে পিছিয়ে থাকলেন নাদাল। প্যারিস অলিম্পিক্সে সিঙ্গেলসের দ্বিতীয় রাউন্ডের লড়াইয়ে জোকোর কাছে ১-৬, ৪-৬ ব্যবধানে হেরে গেলেন নাদাল। প্রিয় ফিলিপ শঁতিয়ের কোর্টে নাদাল যেন অতীতের ছায়া। ১ ঘণ্টা ৪৩ মিনিটের লড়াইয়ের পর অলিম্পিক্স সিঙ্গলসের তৃতীয় রাউন্ডে চলে গেলেন জোকো।

নাদাল-জোকোভিচ লড়াই দেখতে ফরাসি ওপেনের সেন্টার কোর্টে ভিড় করেছিলেন টেনিস প্রেমীরা। দেশের হয়ে খেলতে নামা বিশ্বের অন্যতম দুই সেরা খেলোয়াড়ের মধ্যে হাড্ডাহাড্ডি লড়াইয়ের প্রত্যাশাও ছিল। কিন্তু ১৪ বার ফরাসি ওপেন জয়ী নাদাল প্রত্যাশা পূরণ করতে পারলেন না। বলা যায় জোকোভিচের বিরুদ্ধে তেমন লড়াইই করতে পারলেন না। মাঝে মাঝে বোঝা যাচ্ছিল না সত্যিই নাদাল খেলছেন কিনা। যে লাল সুরকির কোর্টে তিনি এক সময় অপ্রতিরোধ্য ছিলেন, সেই কোর্টেই সময় সময় অসহায় থাকলেন নাদালকে।

জোকোভিচ ছিলেন চেনা ফর্মে। জানতেন, এই নাদাল আগের রাফায়েল নয়। ম্যাচের শুরু থেকেই প্রতিপক্ষকে চাপে রাখার চেষ্টা করেছেন পাওয়ার টেনিস দিয়ে। শক্তিশালী সার্ভিস, ব্যাকহ্যান্ড, ফোরহ্যান্ড তো ছিলই। দ্রুত কোর্ট কভারিংয়েও নাদালকে পিছনে ফেলে দিয়েছেন। টেনিসের সব বিভাগেই অনেকটা পিছিয়ে ছিলেন নাদাল। প্রথম সেটে ৩৯ মিনিটে ৬-১ ব্যবধানে নাদালকে উড়িয়ে দিলেন জোকোভিচ।

পিছিয়ে পরার পরও নাদাল অবশ্য লড়াই থেকে পিছিয়ে যাননি। চোট-জর্জরিত স্প্যানিশের সমানে সমানে লড়াইয়ের চেষ্টা করলেন দ্বিতীয় সেটে। প্রতি বারের মতো গ্যালারির দর্শক সমর্থনও বেশি ছিল নাদালের সঙ্গে। তাকে এক নাগাড়ে উৎসাহিত করার চেষ্টা করেছেন টেনিসপ্রেমীরা। কিন্তু জোকোভিচের মতো প্রতিপক্ষের বিরুদ্ধে তো আর শুধু উৎসাহ দিয়ে জেতা সম্ভব নয়। নাদালও পারলেন না। দ্বিতীয় সেটে তুলনায় ভাল খেলেও হারলেন ৪-৬ ব্যবধানে। দ্বিতীয় সেটে দুই মহাতারকার লড়াই হল ১ ঘণ্টা ৪ মিনিট।

## প্যারিস অলিম্পিকস ২০২৪
## নাটকীয় হারে ব্রাজিলের বিদায়



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : প্যারিস অলিম্পিকসে মেয়েদের ফুটবল ইভেন্টে ইনজুরি টাইমের দুই গোলে ব্রাজিলকে ২-১ ব্যবধানে পরাজিত করে অঘটনের জন্ম দিয়েছে জাপান। আরেক ম্যাচে, বিশ্বকাপ জয়ী স্পেন টানা দ্বিতীয় জয়ে নক আউট পর্ব নিশ্চিত করেছে। একই দিন তিন গোলে পিছিয়ে থেকেও জাম্বিয়ার বিপক্ষে রোববার অলিম্পিক গেমসে ৬-৫ গোলের নাটকীয় জয় তুলে নিয়েছে অস্ট্রেলিয়া নারী ফুটবল দল।

গ্রুপ-বি'র প্রথম ম্যাচে শক্তিশালী জার্মানীর কাছে ৩-০ গোলের পরাজয়ের মধ্য দিয়ে অলিম্পিক মিশন শুরু করেছিল অস্ট্রেলিয়া। নিসে গতকাল দ্বিতীয়ার্ধের শুরুতে এক পর্যায়ে জাম্বিয়ার কাছে ৫-২ গোলে পিছিয়ে পড়ে অলিম্পিক থেকে বিদায়ের ক্ষণ গুনছিল অস্ট্রেলিয়া। কিন্তু মাটিলাসরা দারুনভাবে ম্যাচে ফিরে এসে ১১ গোলের নাটকীয় ম্যাচে দুর্দান্ত জয় তুলে নেয়। ৯০ মিনিটে মিশেল হেম্যান্সের গোলে অস্ট্রেলিয়ানদের স্মরণীয় জয় নিশ্চিত হয়। বিপরীতে জাম্বিয়ার জন্য এই পরাজয় ছিল দারুন হতাশার। প্রথম মিনিটেই বারব্রা বান্ডার গোলে এগিয়ে যায় জাম্বিয়া। এরপর বান্ডা হ্যাটট্রিক করেছেন, রাচায়েল কুন্ডাঞ্জি করেছেন জোড়া গোল। বান্ডার লিড খুব বেশীক্ষণ ধরে রাখতে পারেনি জাম্বিয়া। আলানা কেনেডি দ্রুতই অস্ট্রেলিয়াকে সমতায় ফেরান। ২১ ও ৩৩ মিনিটে কুন্ডাঞ্জি ও বান্ডা পরপর দুই গোল দিয়ে জাম্বিয়ার লিড ৩-১'এ নিয়ে যান। দুই মিনিটের মধ্যে এক গোল পরিশোধ করেন হেলে রাসো। কিন্তু বিরতির ঠিক আগে বান্ডার হ্যাটট্রিকে আবারো দুই গোলের লিড নেয় জাম্বিয়া।

৫৬ মিনিটে কুন্ডাঞ্জির গোলে ৫-২ ব্যবধানে এগিয়ে যায় জাম্বিয়া। কিন্তু রক্ষনভাগের দূর্বলতায় গত বছরের বিশ্বকাপের সেমিফাইনালিস্ট অস্ট্রেলিয়া দারুনভাবে ম্যাচে ফিরে আসার সুযোগ পায়। গোলরক্ষক নাগাম্বো মুসোলের ভুলে আত্মঘাতি গোলের লজ্জায় পড়ে জাম্বিয়া। এরপর স্টিফ ক্যাটলির ফ্রি-কিক আটকাতে পারেননি মুসোলে। পেনাল্টি থেকে ক্যাটলি ৫-৫'এ সমতা ফেরানোর পর হেম্যান দলের জয় নিশ্চিত করেন।

তারকা সমৃদ্ধ স্পেন ১-০ গোলে নাইজেরিয়াকে পরাজিত করে টানা দ্বিতীয় জয়ে গ্রুপ-সি থেকে কোয়ার্টার ফাইনালের টিকেট নিশ্চিত করেছে। সাবেক ব্যালন ডি'অর বিজয়ী এ্যালেক্সিয়া পুটেলাস ৮৫ মিনিটে ফ্রি-কিক থেকে জয়সূচক গোলটি করেন।

এর আগে এই গ্রুপের আরেক ম্যাচে ইনজুরি টাইমে জাপানের কাছে দুই গোল হজম করে ব্রাজিল ২-১ ব্যবধানের পরাজয় নিয়ে মাঠ ছেড়েছে। দ্বিতীয়ার্ধের শুরুতে জেনিফারের গোলে ব্রাজিল এগিয়ে গেলে ২০১২ অলিম্পিকের রৌপ্য পদক জয়ী জাপান টানা দ্বিতীয় পরাজয়ে প্রথম রাউন্ড থেকে বিদায়ের দ্বারপ্রান্তে পৌঁছে গিয়েছিল। কিন্তু ম্যাচের নাটকীয়তা তখনো বাকি ছিল। ৯২ মিনিটে অধিনায়ক সাকি কুমাগাই পেনাল্টি থেকে পার্ক ডি প্রিন্সেসে জাপানকে সমতায় ফেরান। চার মিনিট পর ১৯ বছর বয়সী বদলী খেলোয়াড় তানিকাওয়ার ৩০ মিটার থেকে দুর্দান্ত শটে জাপানের জয় নিশ্চিত হয়। এর আগে প্রথমার্ধে জাপানের মিনা তানাকা পেনাল্টির সুযোগ নষ্ট করেন।

এই জয়ে ২০০৪ ও ২০০৮ রৌপ্য পদক জয়ী ব্রাজিল ও জাপান দুই ম্যাচে সমান তিন পয়েন্ট করে সংগ্রহ করলো। লিঁওতে গ্রুপ-এ'র ম্যাচে কলম্বিয়া ২-০ গোলে নিউজিল্যান্ডকে পরাজিত করেছে।

## প্যারিস অলিম্পিকে জাপানের স্বর্ণজয় অব্যাহত, সাঁতারে অস্ট্রেলিয়া শীর্ষে




স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : প্যারিস অলিম্পিকে তৃতীয় দিনের পদক লড়াইয়ে জাপান তাদের ধারাবাহিকতা বজায় রেখেছে। চলমান অলিম্পিকে টানা দ্বিতীয় দিন পদক তালিকার শীর্ষে রয়েছে তারা। জাপান এখন পর্যন্ত মোট ছয়টি স্বর্ণপদক জিতেছে, যার মধ্যে দুটি তৃতীয় দিনের। জিমন্যাস্টিকসে ছেলেদের দলীয় প্রতিযোগিতায় চীনকে পেছনে ফেলে সোনা জিতেছে জাপান। তাদের মোট পয়েন্ট ছিল ২৫৯.৫৯৪, যেখানে চীন ২৫৯.০৬২ পয়েন্ট নিয়ে রৌপ্যপদক এবং যুক্তরাষ্ট্র ২৫৭.৭৯৩ পয়েন্ট নিয়ে ব্রোঞ্জপদক জিতেছে।

রোমানিয়ার ডেভিড পোপোভিচি সাঁতারের ২০০ মিটার ফ্রিস্টাইল ইভেন্টে স্বর্ণপদক জিতে রোমানিয়াকে প্যারিস অলিম্পিকে প্রথম সোনা এনে দিয়েছেন। সাঁতারের অন্য ইভেন্টগুলোতে কানাডার সামার ম্যাকিনটোশ (মেয়েদের ৪০০ মিটার ব্যক্তিগত মেডলি), ইতালির থমাস চেখন (ছেলেদের ১০০ মিটার ব্যাকস্ট্রোক), দক্ষিণ আফ্রিকার তাতিয়ানা স্মিথ (মেয়েদের ১০০ মিটার ব্রেস্টস্ট্রোক), এবং অস্ট্রেলিয়ার মলি ও'ক্যালাঘান (মেয়েদের ২০০ মিটার ফ্রিস্টাইল) সোনা জিতেছেন। অস্ট্রেলিয়া সাঁতারের ইভেন্টে এখন পর্যন্ত সর্বোচ্চ তিনটি সোনা জিতেছে। যুক্তরাষ্ট্র ও ইতালি দুটি করে সোনা জিতেছে। প্যারিস অলিম্পিকে সাঁতারের মোট ১২টি ইভেন্টের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে এবং ২৫টি ইভেন্টের ফাইনাল এখনও বাকি রয়েছে।

পদক তালিকায় মোট পদকের সংখ্যায় যুক্তরাষ্ট্র সবার ওপরে রয়েছে। তারা এখন পর্যন্ত ২০টি পদক জিতেছে, যার মধ্যে তিনটি স্বর্ণপদক। ফ্রান্স, চীন, অস্ট্রেলিয়া এবং দক্ষিণ কোরিয়া পাঁচটি করে স্বর্ণপদক জিতেছে।

ছেলেদের সি-১ ক্যানু স্ল্যালমে ফ্রান্সের নিকোলাস জেস্তিন স্বর্ণপদক জিতেছেন। ব্রিটেনের অ্যাডাম বার্জেস রৌপ্য এবং স্লোভাকিয়ার মাতেজ বেনুস ব্রোঞ্জ পদক পেয়েছেন।

## মেসিকে মাঠে দেখা যাবে কবে?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : চোটের সঙ্গে লড়াইটা লিওনেল মেসির ক্যারিয়ারে অংশই হয়ে গেছে। আন্তর্জাতিক ফুটবল হোক বা ক্লাব ফুটবল, বাদ যাচ্ছে না কোনো কিছুই। কোপা আমেরিকার ফাইনালে গোঁড়ালির চোটে পড়ায় অনির্দিষ্টকালের জন্য ছিটকে গেছেন আর্জেন্টিনার তারকা ফরোয়ার্ড। মেসি কবে ফিরবেন, সেটা বলতে পারছেন না ইন্টার মায়ামির সতীর্থরা। মেসি কবে মাঠে ফিরবেন তা তার কোচ এবং সতীর্থরাও ঠিক জানেন না। তবে মেসির মায়ামির সতীর্থ ও কাছের বন্ধু লুইস সুয়ারেজ জানিয়েছেন, খুব দ্রুতই মাঠে ফিরবেন আট বারের ব্যালন ডি'অর জয়ী এই তারকা।

কোপার ফাইনালে ইনজুরিতে পড়ার পর মেসিকে দেখা যায় ইন্টার মায়ামির সংবর্ধনা অনুষ্ঠানে। তখন তিনি খুঁড়িয়ে হাটছিলেন। মেসির এমন অবস্থা দেখে চিন্তিত তার সতীর্থরাও। মায়ামিতে মেসির সতীর্থ জুলিয়ান গ্রেসেল বলেছিলেন, মেসির ফেরার তারিখ তাদের কাছেও।

তবে এমন ধোঁয়াশার মধ্যেই মেসির বন্ধু ও বর্তমান ক্লাব সতীর্থ সুয়ারেজ জানিয়েছেন, দ্রুত মাঠে ফিরবেন তিনি। উরুগুয়ের এই তারকা স্ট্রাইকার বলেন, 'সবাই জানে এই ক্লাবের প্রতি ও নিজের দেশের প্রতি সে কতটা নিবেদিতপ্রাণ। তার আকাঙ্ক্ষা সব সময় মাঠে থাকা। দিন যত যাচ্ছে, তার মাঠে ফেরার সময়ও ঘনিয়ে আসছে। আমরা সবাই তো তাকে মাঠেই দেখতে চাই।'

গত বছর মায়ামিতে যোগ দেয়ার পর প্রথমবারের মতো ক্লাবকে কোন ট্রফি এনে দেন মেসি। লিগস কাপের বর্তমান চ্যাম্পিয়নরা মেসিকে ছাড়াই আসর শুরু করেছে।

## ভারতের বোলিং কোচ হচ্ছেন মরকেল



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : ভারতীয় ক্রিকেট দলের প্রধান কোচ হওয়ার পর নিজের মতো করে কোচিং স্টাফ সাজিয়ে নিচ্ছেন গৌতাম গাম্ভির। তারই ধারাবাহীকতায় এবার তার কোচিং স্টাফে বোলিং কোচ হিসেবে যোগ হতে যাচ্ছেন দক্ষিণ আফ্রিকার সাবেক পেসার মরনে মরকেল।

আগামী সেপ্টেম্বরে ঘরের মাঠে বাংলাদেশের বিপক্ষে সিরিজে মরকেল তার মেয়াদ শুরু করবেন বলেও একাধিক ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে।

সদ্য শেষ হওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপে খারাপ পারফরম্যান্সের জেরে পাকিস্তানের বোলিং কোচ হতে পদত্যাগ করেন মরকেল। গত জুনে ছয় মাসের চুক্তিতে পাকিস্তান দলের বোলিং কোচের দায়িত্ব নেন সাবেক এই প্রটিয়া পেসার। তবে চুক্তির মেয়াদ শেষ হওয়ার আগেই দায়িত্ব ছেড়ে দেন তিনি। এবার ভারতীয় দলের সঙ্গে যুক্ত হতে চলেছেন বলে খবর।

উল্লেখ্য, আইপিএলে লক্ষ্ণৌ সুপার জায়ান্টসে গাম্ভিরের সঙ্গে দুই বছর কাজ করার অভিজ্ঞতা রয়েছে মরকেলের।

গাম্ভিরের কোচিং টিমে ইতোমধ্যে ভারতীয় সাবেক অলরাউন্ডার অভিষেক নায়ার এবং নেদারল্যান্ডসের সাবেক ব্যাটার রায়ান টেন ডেসকাটকে যুক্ত করা হয়েছে। ২০১২ ও ২০১৪ সালে আইপিএলজয়ী কলকাতা নাইট রাইডার্সে ছিলেন ডেসকাট। পরে দলটির সহকারী কোচ হিসাবেও কাজ করেছেন তিনি। অভিষেক নায়ারও কলকাতার সহকারী কোচ ছিলেন। দু'জনেই গাম্ভিরের সঙ্গে কাজ করেছেন। তাদের সম্পর্কও নাকি ভালো। আর মরকেলের সঙ্গে গাম্ভিরের কাজের অভিজ্ঞতা তো আছেই। তবে রাহুল দ্রাবিড়ের কোচিং স্টাফে থাকা ফিল্ডিং কোচ দিলীপকে রেখে দেওয়া হয়েছে, যার সঙ্গে গাম্ভিরের কাজের অভিজ্ঞতা নেই।

বর্তমানে শ্রীলঙ্কা সফরে রয়েছে ভারত। বোলিং কোচ হিসেবে দলটির সঙ্গে আছেন সাইরাজ বাহুতুল। এই দায়িত্বে তাকে রেখে দেওয়া হতে পারে বলেও গুঞ্জন আছে।

## মার্টিনেগির কাছে আধিপত্য হারিয়ে আবেগঘন পিটি



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : ব্রিটিশ তারকা এ্যাডাম পিটির আধিপত্য খর্ব করে ছেলেদের ১০০ মিটার ব্রেস্টস্ট্রোক সাঁতারে সোনা জিতেছেন ইতালির নিকোলো মার্টিনেগি। টানা তৃতীয় অলিম্পিকে সাঁতারের অন্যতম আকর্ষণীয় এই ইভেন্টে সোনা জয়ের লক্ষ্য নিয়ে পুলে নেমেছিলেন পিটি। কিন্তু অল্পের জন্য তাকে রৌপ্য পদক নিয়েই সন্তুষ্ট থাকতে হয়েছে।

লক্ষ্যে পৌঁছাতে সপ্তম লেনে থাকা মার্টিনেগি ৫৯.০৩ সেকেন্ড সময় নিয়ে বাজিমাত করেন। ব্রিটিশ ফেবারিট পিটি ও যুক্তরাষ্ট্রের নিক ফিঙ্ক যৌথভাবে মাত্র দশমিক দুই সেকেন্ড কম সময় নিয়ে রৌপ্য পদক ভাগাভাগি করে নিয়েছেন। ওয়ার্ল্ড চ্যাম্পিয়ন চীনের কিন হেইইয়াং শুরুটা ভাল করলেও শেষ পর্যন্ত সপ্তম স্থানে থেকে প্রতিযোগিতা শেষ করেছেন।

এর মাধ্যমে যুক্তরাষ্ট্রের কিংবদন্তী মাইকেল ফেল্পসের একই ইভেন্টে টানা তৃতীয় অলিম্পিক শিরোপা জয়ের রেকর্ড আর স্পর্শ করা হলোনা পিটির। প্রতিযোগিতা শেষে পিটি অনেকটাই আবেগপ্রবণ হয়ে গিয়েছিলেন। এসময় তাকে কাঁদতেও দেখা গেছে।

'এখানে মোটেই দুঃখ পাবার কিছু নেই। আমি বিশ্বাস করি যে কেউ নিজেকে শীর্ষে নিয়ে যেতে পারে। প্রতিবারই জয় হবে, এটা ভাবার কোন কারণ নেই। পরাজয়ের মধ্যেও শেখার অনেক কিছুই আছে। সঠিক ব্যক্তিই আজ বিজয়ী হয়েছে, এজন্য আমি দারুন খুশী। এটা আমার ষষ্ঠ অলিম্পিক পদক। মাত্র ১৪ বছর বয়সে যেখানে শুরু হয়েছিল সেখানে আজ আমি ছয়টি অলিম্পিক পদকের মালিক। এর মধ্যে তিনটি আবার স্বর্ণপদক। এখনো দুটি ইভেন্টে আমি বিশ্ব রেকর্ড ধরে রেখেছি। সাঁতার আমাকে জীবন দিয়েছে, আমি আজ যেখানে দাঁড়িয়ে আছি তার পুরো অবদান এই সাঁতারের।'

২০০ মিটার ব্রেস্টস্ট্রোকে বিশ্ব রেকর্ডধারী কিন ও পিটির মধ্যেই এতদিন এই ইভেন্টের মূল প্রতিদ্বন্দিতা ছিল। মানসিক কিছু সমস্যার কারণে পিটি কিছুটা পিছিয়ে পড়লে কিন গত বছর ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে ব্রেস্টস্ট্রোকে সবগুলো সোনা ছিনিয়ে নেয়। কিন্তু প্যারিসে আসার আগে কিনের ক্যারিয়ার ছিল শঙ্কার মুখে। তিন বছর আগে টোকিও গেমসে ডোপিংয়ের দায়ে যে ২৩জন চাইনিজ সাঁতারু নিষিদ্ধ হয়েছিলেন তাদের মধ্যে কিনও ছিলেন। যে কারণে এবারের গেমসে তাকে মানসিক ভাবে বেশ সতর্কতা অবলম্বন করতে হয়েছে।

এই দুজনকে ছাপিয়ে কাল লাইমলাইটে উঠে এসেছেন মার্টিনেগি। টোকিওতে ব্রোঞ্জ পদকজয়ী ২৪ বছর বয়সী এই দীর্ঘদেহী ইতালিয়ান কাল নিজের স্বপ্ন পূরণ করেছেন। প্রতিযোগিতা শেষে গণমাধ্যমের সামনে তিনি বলেছেন, 'এটা সত্যিই অভাবনীয়। আমার স্বপ্ন আজ পূরণ হয়েছে। সবসময়ই অলিম্পিক চ্যাম্পিয়ন হিসেবে নিজেকে পোডিয়ামে দেখার স্বপ্ন নিয়ে বড় হয়েছি। আজ সেটা সফল হয়েছে। এ্যাডাম পিটি আমার আদর্শ। তাকে দেখেই আমি স্বপ্নের জাল বুনেছি। আজ তার,আমার পরিবার এবং সতীর্থদের সামনে স্বর্ণ জয় করেছি, যা অসাধারণ এক অনুভূতি।'

'সাত নম্বর লেন আমার ফেবারিট। আমার কোচও সকালে আমাকে এই লেনের কথাই বলেছিল। ছোট বয়সে আমি সবসময়ই সাত নম্বর লেনেই অনুশীলন করেছি।'

## রিয়ালের জার্সিতে কবে মাঠে নামবেন এমবাপ্পে?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : ইতোমধ্যেই আনুষ্ঠানিকভাবে এমবাপ্পেকে পরিচয় করিয়ে দিয়েছে রিয়াল মাদ্রিদ। তবে এখনই রিয়ালের জার্সিতে তাকে মাঠে দেখতে পারবেন না দর্শকরা। সেটার জন্য আরও বেশ কিছু দিন অপেক্ষা করতে হবে রিয়াল সমর্থকদের। কারণ প্রাক-মৌসুমের দলে নেই এমবাপ্পে। ইউরোপের সফলতম ক্লাবটির যুক্তরাষ্ট্র সফর শেষে এমবাপ্পের দলে যোগ দেওয়ার কথা রয়েছে। আগামী ১৪ অগাস্ট উয়েফা সুপার কাপে আতালান্তার বিপক্ষে রিয়ালের জার্সিতে অভিষেক হতে পারে ২৫ বছর বয়সী এই ফুটবলারের।

এমবাপ্পের সঙ্গে ছুটিতে আছেন দলটির আরও দুই তারকা ফুটবলার। জুড বেলিংহাম ও দানি কারভাহালকেও প্রাক-মৌসুমের যুক্তরাষ্ট্র সফরের দলে রাখেনি স্প্যানিশ ক্লাবটি। গত ইউরোতে এমবাপের নেতৃত্বে সেমি-ফাইনালে খেলে ফ্রান্স। স্পেনের বিপক্ষে হেরে শেষ চারের লড়াই থেকে বিদায় নেওয়ার পর ছুটিতে যাওয়ার কথা বলেন তিনি। দীর্ঘ মৌসুম শেষে এরপর তাকে বিশ্রাম নিতে বলেছেন বলে কদিন আগে জানান রিয়াল কোচ কার্লো আনচেলত্তি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR